(২) শিরোরেখা চন্দ্রক্ষেত্রে গেলে উদ্ভাবনী শক্তি, শিল্পী প্রকৃতি, প্রণয়ে ঝোঁক নির্দেশ করে।

(৩) শিরোরেখা মনিবন্ধের কাছে করতলে চন্দ্রক্ষেত্রে বক্রভাবে থাকিলে বিষাদ ক্লিষ্ট, আত্মহত্যা করার ঝোঁক নির্দেশ করে।

(৪) শিরোরেখা বুধ ক্ষেত্রে বক্রভাবে গিয়া হৃদয়রেখাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ত্তন করিলে দুর্দান্ত মেজাজ, নিজের লাভের জন্য হত্যা করে, **হত্যাকারী** নির্দেশক।

(৭) ফাঁপাহাতে করতল গভীর হলে এবং শিরোরেখা বিশ্রী, ভগ্ন হলে জীবন **অশান্তিময়, বিষময়** হবেই।

(৫) **সংযুক্ত হৃদয়রেখা এবং শিরোরেখা অদ্ভুত রেখা** প্রেমের ব্যাপারে বা আর্থিক ব্যাপারে তাহারা সাধনায় সিদ্ধিলাভ করেন।

আত্ম সচেতন, **দুনিয়ার** সবকিছুর সঙ্গে সম্পর্ক ত্যাগ করেন। যেমন **রাজা অষ্টম এডোয়ার্ড সিংহাসনের দাবী ত্যাগ করলেন।** কিন্তু রেখাটিকে **হত্যাকারী চিহ্ন** বলে ভুল করবেন না।

(৪) (ক) **হত্যাকারীর রেখা** শিরোরেখা হৃদয় রেখাকে মমতাকে **টুটিটিপে** ভেদ করে, হত্যা করে বেরিয়ে গেছে।

কর্কশ ছোট মোটা হাতে মোটা ভীমের গদার ন্যায় বৃদ্ধা ঙ্গুলীর ১ম পর্ব কর্কশ হাতে হত্যাকারীর চিহ্ন দেখতে পাবেন।

(৬) শিরোরেখা, আয়ুরেখা, হৃদয়রেখা ৩টি রেখা সংযুক্ত হলে নিশ্চয় দুর্ঘটনায় **মৃত্যু** আনে, সর্বদা বিপদ তেড়ে আসে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধিলিপি
ভাগ্যদর্পন



হৃদয়রেখার বিশদ বিবরণ
চিত্র ৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪র্থ অধ্যায়

হৃদয় রেখার বিশদ বিবরণ জানুন

চিত্র—৪ দেখুন

(১) হৃদয় রেখা বৃহস্পতি ক্ষেত্র তর্জ্জনীর নিচু থেকে উত্থিত হলে **পাত্র বা পাত্রীর জন্য "কি করে ভালবাসতে হয়" তার ফরমান** জারি করেন।

(২) মধ্যমার নিচু থেকে শুরু হলে বিবাহের সংজ্ঞা হচ্ছে **প্রেমে "আদেশ পালন কর"**।

(৩) হৃদয় রেখা মধ্যমা এবং তর্জ্জনীর মধ্যে থেকে শুরু হলে প্রেম ও কাম বিষয়ে শান্ত ও চাপা।

(৪) ক) বহু ছোট ছোট ক্ষুদ্র ক্ষুদ্র রেখা হৃদয় রেখায় যুক্ত হলে আজীবন ইন্দ্রিয় লিপ্সুতা নির্দেশ দেয়, বহু **"সিনেমা তারকা" এবং সঙ্গীতবিদ্‌দের এই চিহ্ন** হাতে দেখবেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

11/293

৫) ক) হৃদয় রেখাটি শিরোরেখার উপর দিকে উঠে কেটে বেরিয়ে গেলে:মমতাকে **হত্যা করলে** অর্থ লাভের জন্য হত্যা করেন। **হত্যাকারীর** নির্দেশ দেয়।

(৬) ক) হৃদয় রেখার চেয়ে শিরোরেখাটি উন্নত হলে প্রেমকে একপাশে ঠেলে রাখেন এবং **বিবাহ করেন না** এবং **এককজীবন যাপন করেন**।

(৭) হৃদয় রেখা ভগ্ন হলে হতাশা এবং কষ্ট নির্দেশ দেয়।

(৮) সূক্ষ্ম **প্রভাবকারী** রেখা শুক্রক্ষেত্র থেকে উত্থিত হয়ে **ভাগ্যরেখা ; আয়ুরেখা ; শিরোরেখা** এবং **হৃদয় রেখাকে** কর্ত্তন করিলে নিজের **মাতৃ-পিতৃ বিয়োগ** এবং স্বজন হানি নির্দেশ দেয়।

ক) হৃদয়.:রেখা সূক্ষ্ম রেখা দ্বারা কর্ত্তিত হলে স্বজন হানি হয়।

খ) হৃদয়রেখা থেকে সূক্ষ্মরেখা ভাগ্যরোখকে কাটিলে বৈধব্য নির্দেশ দেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধিলিপি
বা
ভাগ্যদর্পন



বিবাহ রেখার বিশদ বিবরণ
চিত্র ৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫ম অধ্যায়

বিবাহ রেখার বিশদ বিবরণ জানুন

চিত্র—৫ দেখুন

(১) অতিক্ষুদ্র বাঁকা উদ্ধমুখী বিবাহরেখা **অবিবাহিত** এবং **এককজীবন** যাপন নির্দেশ করে।

(২) বিবাহরেখা থেকে ১টি সূক্ষ্ম রেখা রবিরেখার সহিত মিলিত হলে **বিবাহে সৌভাগ্য, সম্পত্তি, সম্মান বৃদ্ধি** নির্দেশ করে।

(৩) বিবাহ রেখাটি দ্বিমুখী বা বহুমুখী হলে **বিচ্ছেদ** নির্দেশ করে।

তবে বিবাহ বিচ্ছেদ নহে।

(৪) বিবাহ রেখাটি করতলের নিম্নে হৃদয় রেখার সন্নিকটে বা স্পর্শ করিলে **স্বামীর** বা **স্ত্রীর** মৃত্যু নির্দেশ করে।

(৫) বৃহস্পতি ক্ষেত্রে × ক্রশ চিহ্ন থাকিলে সুখী বিবাহিত জীবনযাপন নির্দেশ দেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬) চন্দ্রক্ষেত্র থেকে প্রভাবকারী রেখা ভাগ্য রেখায় সংযুক্ত হলে **বিবাহ** নির্দেশ করে।

বিবাহ বয়স—ভাগ্য রেখার সংযোগ বয়সে নির্দেশ পাবেন।

(ক) শিরোরেখা এবং ভাগ্যরেখার মিলন স্থান ৩৫ বৎসর, হৃদয়রেখা এবং ভাগ্যরেখার মিলন স্থান ৫০ বৎসর নির্দেশ দেয়।

(৭) ২টি * * নক্ষত্র চিহ্ন বৃহস্পতি ক্ষেত্রে থাকিলে **ধনী ঘরে** বিবাহ নির্দেশ দেয়—Rich marriage

বিবাহ রেখা থেকে:একটি সূক্ষ্ম রেখা রবি ক্ষেত্রাভিমুখী অগ্রসর হয়ে থাকে। Rich marriage

---

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধিলিপি
বা
ভাগ্যদর্পন



বিবাহরেখার বিশদ বিবরণ
চিত্র ৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিবাহ রেখার বিশদ বিবরন জানুন

চিত্র—৬ দেখুন

(১) হৃদয়রেখা নিম্নদিকে বেঁকে থাকলে এবং দ্বিমুখী বা বহুমুখী বিবাহরেখা থেকে ১টী রেখা হৃদয় রেখার সহিত মিলিত হলে-অসুখী বিবাহ নির্দেশ করে, কিন্তু বিবাহ বিচ্ছেদ নয় **বরঞ্চ নৃসংশ হত্যা** দ্বারাই বিবাহের পরিসমাপ্তি নির্দেশ দেয়। হৃদয় রেখাটী বেঁকে শিরো রেখায় যুক্ত হলে নৃশংস হত্যা নির্দেশক।

(২) বিবাহ রেখাটি ভাগ্য রেখার উপর × ক্রশ চিহ্নে শেষ হলে মধ্যমার নিচে, **ফাঁসি মঞ্চে** বিবাহের পরিসমাপ্তি নির্দেশ করে।

(৩) বিবাহ রেখাটি নিচু হয়ে **নিচের দিকে বেঁকে থাকলে** এবং ১টী সূক্ষ্ম রেখা বিবাহ রেখা থেকে বৃদ্ধাঙ্গুলির নিম্নের নরম স্থানটুকু অবধি গেলে তবে নিশ্চয় **কোর্টের আইন দ্বারা বিবাহ বিচ্ছেদ** নির্দেশ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪) বিবাহ রেখাটি দ্বীপের মত হয়ে শুরু হলে বিবাহের পূর্ব্বেই বিপদ এবং প্ররোচিত হবার আশঙ্কা নির্দেশ করে।

(৫) **লম্বা রেখা** কনিষ্ঠার নিম্নে **বিবাহ রেখার** নির্দ্দেশক, এবং ক্ষুদ্র রেখা **গভীর প্রেম** নির্দেশ করে।

(৬) বিবাহ রেখা হৃদয় রেখার নিকটে থাকিলে **বাল্য বিবাহের** নির্দেশ দেয়।

(৭) বিবাহ রেখা সোজা এবং স্পষ্ট হলে দাম্পত্যজীবন সুখের হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধিলিপি
বা
ভাগ্যদর্পন



বিবাহরেখার বিশদ বিবরণ
চিত্র ৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিবাহ রেখার বিশদ বিবরন জানুন

চিত্র—৭ দেখুন

(১) বিবাহ রেখাটিতে দ্বীপ চিহ্ন হলে এবং রেখাটি **নিচু হয়ে বেঁকে থাকলে রোগে ভুগে** বা কোন **দুর্ঘটনায়** সঙ্গী বা সঙ্গীনির **মৃত্যু** নির্দেশ করে।

(২) বিবাহরেখা থেকে একটি রেখা শিরোরেখা অবধি গেলে তবে পরস্পরের মতের অমিলের জন্য অসুখী ভাব যেমন বিভিন্ন ধর্ম্মাবলম্বী ব্যক্তির বিবাহে হয়ে থাকে।

(৩) বিবাহ রেখাটি করতলের বাহিরে দ্বিমুখী হলে বিবাহের পূর্ব্বেই বাধা, বিলম্ব এবং বিচ্ছেদ নির্দেশ করে।

(৪) বিবাহ রেখা, দ্বিমুখী হয়ে শেষ হয় এবং তার মধ্যে ১টি রেখা—রবি রেখার উপর দ্বীপ সৃষ্টি করলে তবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুর্ণাম, সম্মান হানি এবং কলঙ্ক দ্বারা বিবাহের সমাপ্তি নির্দেশ করে।

(৫) ভাগ্য-রেখার উপর প্রভাবকারী আসিয়া সংযুক্ত হলে-প্রভাবকারী বিবাহ রেখা দ্বারা-বিবাহের দ্বারা সাফল্য বা অসাফল্য নির্দেশ দেয়।

(ক) যদি প্রভাবকারী শেষ ভাগে দ্বীপ সৃষ্টি করে বা ক্ষুদ্র-ক্ষুদ্র রেখা যুক্ত থাকে তবে বিবাহের দ্বারা মন্দ ভাগ্য আনে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধিলিপি
বা
ভাগ্যদর্শন



বিবাহরেখায় বিশদ বিবরণ
চিত্র ৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিবাহ রেখার বিশদ বিবরণ জানুন

চিত্র—৮ দেখুন

(১) বিবাহ রেখার উপর ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ধমুখী লম্ব ভাবের গভীর রেখাগুলি **পুত্র** সন্তান এবং সূক্ষ্ম রেখাগুলি **কন্যা** নির্দেশ করে।

(২) বিবাহ রেখার উপর দ্বীপ চিহ্ন থাকলে বিবাহ মিলন অসুখী এবং বিচ্ছেদ নির্দেশ করে। কিন্তু কোর্টের আইনের দ্বারা নহে।

(৩) যদি বিবাহ রেখাটি দ্বিমুখী হয়ে হৃদয় রেখার দিকে বেঁকে থাকে তবে কোর্টের আইনের সাহায্যে বিবাহ বিচ্ছেদ নির্দেশ দেয় আরও স্থির হওয়া যায় যদি ১টী সূক্ষ্ম রেখা দ্বিমুখী রেখা থেকে নির্গত হয়ে করতল অতিক্রম করে।

(৪) যদি ২ ভগ্ন রেখা দ্বিমুখী হয়ে নিম্নাভি মুখে বেঁকে থাকিলে তবে সঙ্গী বা সঙ্গীনী হঠাৎ মৃত্যু নির্দেশ দেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) যদি বিবাহ রেখা রবির ক্ষেত্রে ১টী সূক্ষ্ম শাখা রেখা প্রেরণ করে তবে মাননীয় বা খ্যাতিমান ব্যক্তির সঙ্গে বিবাহ নির্দেশ করে।

(৬) কণিষ্ঠা অবধি শুক্র বলয় থাকিলে এবং বিবাহ রেখায় যুক্ত হলে সুখী দাম্পত্য জীবনের প্রতিকুল হবে।

(৭) ▭, চতুষ্কোণ, চিহ্ন; * নক্ষত্র চিহ্ন বৃহস্পতি ক্ষেত্রে বা রবি ক্ষেত্রে থাকিলে সুখী দাম্পত্য জীবন নির্দেশ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষষ্ঠ অধ্যায়

বিবাহ-মিলন বা প্রেম-মিলন বিশদ বিবরণ জানুন।

করেখা প্রদর্শনী চিত্র—খ রাশিচক্র দেখুন

(১) মেষ, সিংহ, ধনুরাশি—অগ্নি ত্রিভূজ ভুক্ত।
(২) বৃষ, কন্যা, মকররাশি—পৃথিবী ত্রিভূজ ভুক্ত।
(৩) মিথুন, তুলা, কুম্ভরাশি—বায়ু ত্রিভূজ ভুক্ত।
(৪) কর্কট, বৃশ্চিক, মীনরাশি—জল ত্রিভূজ ভুক্ত।

প্রেম-মিলন বিশদ বিবরণ—

যোটক মিলন বা বিবাহ মিলনে—বা প্রেম মিলনে পাত্র বং পাত্রীর এক ত্রিভূজ ভুক্ত রাশি বা মিত্র ত্রিভূজ ভুক্ত রাশি হওয়া চাই নতুবা প্রেম-মিলন বিবাহ-বিচ্ছেদ দ্বারা পরিসমাপ্তি হবেই। এমন কি কোর্টের আইনের দ্বারা বিবাহ বিচ্ছেদ হবেই। বিশদ বিবরণ দিলাম।

বিবাহ মিলনে ও প্রেম মিলনে পাত্র এবং পাত্রীর এক ত্রিভূজ ভুক্ত রাশি হওয়া চাই যেমন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১) অগ্নি ত্রিভূজ ভুক্ত রাশি হলে পাত্র এবং পাত্রীর মেষ, সিংহ, ধনুরাশি ৩টীর মধ্যে রাশি হওয়া চাই।

(২) পৃথিবী ত্রিভূজ ভুক্ত রাশি হলে পাত্র এবং পাত্রীর বৃষ, কন্যা, মকররাশি ৩টীর মধ্যে রাশি হওয়া চাই।

(৩) বায়ু-ত্রিভূজ ভুক্ত রাশি হলে পাত্র এবং পাত্রীর মিথুন, তুলা, কুম্ভরাশি ৩টীর মধ্যে রাশি হওয়া চাই।

(৪) জল ত্রিভূজ ভুক্ত রাশি হলে পাত্র এবং পাত্রীর কর্কট, বৃশ্চিক, মীনরাশি ৩টীর মধ্যে রাশি হওয়া চাই।

(ক) * নতুবা বিচ্ছেদ হবেই সন্দেহ নাই।

এখন মিত্র ত্রিভূজ ভুক্ত রাশির কথা বলিতেছি—

(১) পাত্রী এবং পাত্রের প্রেম-মিলনে বায়ু ত্রিভূজ ভুক্ত রাশির সঙ্গে অগ্নি ত্রিভূজ ভুক্ত রাশির মিত্র ত্রিভূজ বলে, পরস্পরের মিলন সুখময় হবেই।

(২) পাত্র এবং পাত্রীর প্রেম-মিলনে পৃথিবী ত্রিভূজ ভুক্ত রাশির সঙ্গে জল ত্রিভূজ ভুক্ত রাশির মিত্র ত্রিভূজ বলে, পরস্পরের মিলন সুখময় হবেই।

(ক) * কিন্তু বিশেষ ক্ষেত্রে কন্যা এবং বৃশ্চিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাশির পৃথিবী এবং জল ত্রিভূজ ভুক্ত হলেও এবং উভয়ে মিত্র হলেও পরস্পরের মিলনে বিবাহ বিচ্ছেদ অনিবার্য্য।

(ক) প্রেম-মিলনে বিবাহ-মিলনে—বিবাহ বিচ্ছেদ অনিবার্য্য হবেই, কোর্টের আইন দ্বারা বিবাহ বিচ্ছেদ হবেই সন্দেহের অবকাশ নাই। যেমন—

(১) পাত্র এবং পাত্রীর অগ্নি ত্রিভূজ ভুক্ত রাশির সঙ্গে পৃথিবী ত্রিভূজ ভুক্ত রাশির মিলন। (২) অগ্নি ত্রিভূজ ভুক্ত রাশির সঙ্গে জল ত্রিভূজ ভুক্ত রাশির মিলন। (৩) বায়ু ত্রিভূজ ভুক্ত রাশির সঙ্গে পৃথিবীভুক্ত রাশির মিলন। (৪) বায়ু ত্রিভূজ ভুক্ত রাশির সঙ্গে জল ত্রিভূজ ভুক্ত রাশির মিলন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭ম অধ্যায়

করতলে বিধাতার ভবিষ্যৎ কর্মজীবনের নির্দেশ লিখন জানুন

বিধাতার কর্ম্ম-জীবনের নির্দেশ জ্ঞাত না হওয়ায় পিতা পুত্রের ভাবী জীবনের ভুল নির্দেশ দিয়া জীবন অশান্তিপূর্ণ ও বিষময় করিয়া তুলেন। এমন কি আত্মহত্যা দ্বারা জীবন হানি ও পুত্রের ঘটিয়া থাকে। যেমন—ডাক্তার পিতা চান—ছেলে ডাক্তার যউক। ইঞ্জিনিয়ার পিতা চান—ছেলে ইঞ্জিনিয়ার হউক। উকিল পিতা চান—ছেলে উকিল হউক। ব্যবসায়ী পিতা চান—ছেলে ব্যবসায়ী হউক। সেই ভাবে নিজের ইচ্ছামত ভুল বশতঃ ভগবানের নির্দেশ না মানিয়া ডাক্তার, ইঞ্জিনিয়ার, উকিল, ব্যবসায়ী করার জন্য শিক্ষাদি দিয়া থাকেন। কিন্তু হিতে বিপরীত ফল হয় জীবন বিষময় হয়।

শিরোরেখা ভাবী-জীবনের চাবিকাঠি

করতলে বিধাতা শিরোরেখা দ্বারা ভাবী কর্ম্মজীবনের নির্দেশ দিয়াছেন। সোজা—শিরোরেখা মঙ্গল ক্ষেত্র অবধি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গেলে এবং বৃদ্ধাঙ্গুলি দীর্ঘ ও অন্যান্য অঙ্গুলি দীর্ঘ হলে অঙ্গুলি সকলের নখপর্ব্ব চৌকা ও স্থূলাগ্র হলে কর্ম্মজীবন—গবেষণা মন্দির, ডাক্তার, ইঞ্জিনিয়ার, ব্যবসায়ী, উকিল, বিজ্ঞান শাস্ত্রে বিশেষ পারদর্শিতা লাভ করিবেন ও জীবন মধুময় করিয়া সুখে শান্তিতে জীবন যাপন করিবেন। পিতার মাতার আনন্দ বর্দ্ধন করিবেন সন্দেহ নাই।

(ক) শিরোরেখা—মানসিকতার রেখা সৌভাগ্যের চাবি কাঠি, ফাঁপা হাতে ভগ্ন, ক্ষুদ্র, বক্র শিরোরেখা—জীবন বিষময় ও অশান্তিপূর্ণ করে।

করতলে শিরোরেখা বাঁকিয়া চন্দ্রক্ষেত্রে গেলে এবং অঙ্গুলির নখ পর্ব্ব সুচালু, চৌকা হলে এবং বৃদ্ধাঙ্গুলি ও অঙ্গুলি সকল তত দীর্ঘ না হলে সাহিত্যিক কর্ম্মজীবন নির্দেশ দেয় যেমন,—কবি, লেখক, শিল্পী, ঐতিহাসিক দর্শন শাস্ত্রে বিশেষ পারদর্শিতা লাভ করবেন সন্দেহ নাই। জীবন সুখ, শান্তিময় করিয়া পিতা মাতার আনন্দ বর্দ্ধন করিবেন সন্দেহ নাই।

কিন্তু ফাঁপা করতলে ভগ্ন শিরোরেখা বা ক্ষুদ্র, বক্র শিরোরেখা থাকিলে বিষাদ ও নৈরাশ্যপূর্ণ কর্ম্মজীবন আনিবে। বৃদ্ধাঙ্গুলিও খর্ব্ব হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধিলিপি
বা
ভাগ্যদর্পন



ভাগ্যরেখার বিশদ বিবরণ
চিত্র ৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮ম অধ্যায়

ভাগ্য রেখার বিশদ বিবরণ জানুন

চিত্ররেখা—৯ দেখুন

(১) ভাগ্যরেখা মনিবন্ধ থেকে উত্থিত হয়ে মধ্যমার দিকে গেলে নিজের ব্যক্তিত্বের জোরেই উন্নতি করিবেন। ভাগ্যরেখা হৃদয় রেখায় আবদ্ধ হলে দুর্ভাগ্য আসিবে।

(২) ভাগ্যরেখা তর্জ্জনীর দিকে গেলে অপরের উপর কর্ত্তৃত্ব ও শাসন করিবার অধিকার পান। শিরোরেখায় আবদ্ধ হলে বুদ্ধির দোষে সম্পত্তি নষ্ট হবে।

(৩) ভাগ্যরেখা অনামিকার দিকে গেলে খ্যাতি ও জনপ্রিয়তা—যেমন অভিনেতা, গায়ক, ব্যারিষ্টার, বক্তা নির্দেশ করে।

(৪) ভাগ্যরেখা কনিষ্ঠার দিকে গেলে দায়িত্বপূর্ণ পদে আসীন হবে, অপরের উপর কর্ত্তৃত্ব করবার অধিকার দেয়। যেমন—যুবরাজ, প্রদেশপাল, রাজা, প্রসিদ্ধ, রাজনৈতিক,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাষ্ট্রপতি, শ্রমিকনেতা এবং বাণিজ্য-জগতের কর্ত্তা নির্দেশ করে।

(৫) ভাগ্যরেখা রবির দিকে গেলে—সাহিত্য, শিল্প, নাটক লেখায় পারদর্শিতা লাভ করেন, এবং বুধের দিকে গেলে—বিজ্ঞান, ব্যবসা এবং বাগ্মীতা নির্দেশ করে।

(৬) ভাগ্ন ভাগ্যরেখা বিপদ ও সঙ্কট নির্দেশ দেয়।

(৭) ভাগ্যরেখার মধ্য গগন—শিরোরেখা ও ভাগ্য-রেখার সংযোগস্থান ৩৫ বৎসর বয়স ভাগ্যরেখায় ধরা হয় এবং হৃদয়রেখার ও ভাগ্যরেখার সংযোগ স্থান ৫০ বৎসর বয়স ধরা হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধিলিপি
বা
ভাগ্যদর্পন



ভাগ্যরেখার বিশদ বিবরণ
চিত্র ১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯ম অধ্যায়

ভাগ্য রেখার বিশদ বিবরন জানুন

চিত্র—১০ দেখুন

(১) আয়ুরেখার সহিত যুক্ত হয়ে ভাগ্যরেখা মনিবন্ধ থেকে উত্থিত হলে বাল্যবিবাহ নির্দেশ দেয়। এবং বাল্য-বয়সে পিতা মাতার জন্য নিজের আত্মত্যাগ ও উচ্চাকাঙ্ক্ষাকে বিসর্জ্জন দিয়ে সংসারের চাপে পড়ে উপার্জ্জন-চাকরী নির্দেশ করে।

(২) চন্দ্রক্ষেত্র থেকে উত্থিত হয়ে প্রভাব রেখা ভাগ্য-রেখায় যুক্ত হলে প্রেম মিলন এবং বিবাহ নির্দেশ করে। বিবাহ বয়স ভাগ্যরেখার যুক্তস্থানে দেখুন।

(৩) করতলের বাহির থেকে শুরু হলে বাহিরের প্রভাব নির্দেশ দেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪) ২টী ভাগ্যরেখা বিপুল ভাগ্যবান এবং প্রভূত ধনবানের নির্দেশ দেয়।

(৫) ভাগ্যরেখা বিভক্ত হয়ে যদি ১টী শেষ হওয়ার পূর্ব্বে অন্য ১টী ভাগ্যরেখা বা শাখা রেখা শুরু হয় তবে বৃত্তি পরিবর্ত্তন বা সম্পূর্ণ অন্য বৃত্তি গ্রহণ নির্দেশ করে। এবং সমুদ্র যাত্রার নির্দেশ দেয়।

(৬) ভাগ্যরেখায় দ্বীপ চিহ্ন থাকিলে সম্মানহানি কলঙ্ক নির্দেশ দেয়।

(৭) ভাগ্যরেখার শাখারেখা রবিক্ষেত্রে গেলে বিপুল খ্যাতি ও সম্মান, অর্থ নির্দেশ দেয়।

(৮) ভাগ্য শিরোরেখা থেকে উত্থিত হলে শেষ বয়সে ভাগ্যবৃদ্ধি নির্দেশ করে।

বিশেষ দ্রষ্টব্য—করদর্পণে কোষ্ঠী-প্রকরণ ভাগ্য বিচার জীবন ইতিহাস বিধিলিপি ২য় ও ৩য় খণ্ড পুস্তকে পরিবেশিত হইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধিলিপি
বা
ভাগ্যদর্পন



চিত্র ১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দশম অধ্যায়

রবিরেখার বিশদ বিবরণ

চিত্র—১১ দেখুন

(১) রবিরেখা মনিবন্ধ থেকে শুরু হলে বিপুল খ্যাতি ও সাফল্য নির্দেশ করে।

(২) আয়ুরেখার মধ্য থেকে শুক্রের ক্ষেত্রে শুরু হলে প্রেমের দ্বারা অর্থ সাফল্য লাভ হয়। যেমন অর্থশালী ব্যক্তির একমাত্র কন্যার সহিত বিবাহ নির্দেশ করে।

(৩) চন্দ্র ক্ষেত্র থেকে শুরু হলে রবিরেখা জনগণের উপর সাফল্য নির্ভর করে—যেমন অভিনেত্রী, অভিনেতা, গায়িকা, শিল্পী—যাঁরা ধুমকেতুর মত হঠাৎ খ্যাতির সর্ব্বোচ্চ শিখরে আরোহন করেন।

(৪) ভাগ্যরেখা থেকে শুরু হলে বিপুল সাফল্য নির্দেশ দেয়। যে বয়সে ভাগ্যরেখা থেকে রবিরেখা রবি ক্ষেত্রে যায় সেই বয়সে বিপুল সাফল্য আনে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) নক্ষত্র যুক্ত রবিরেখা রবিক্ষেত্রে গেলে বিপুল খ্যাতি সাফল্য নির্দেশ করে।

(৩) রবিরেখার শাখা বৃহস্পতি ক্ষেত্রে গেলে অপরের উপর কর্তৃত্ব, সাফল্য, সুনাম নির্দেশ করে।

(২) রবিরেখা শনির ক্ষেত্রে গেলে নেপোলিয়নের মত ভাগ্যের ক্রীড়নক নির্দেশ দেয়।

(৫) রবিরেখা নিজক্ষেত্রে * নক্ষত্র যুক্ত হয়ে গেলে জনগণের প্রভূত যশঃ, সাফল্য নির্দেশ করে।

(৪) রবিরেখা বুধক্ষেত্রে গেলে বিজ্ঞান, ব্যবসা, বক্তা হিসাবে বিপুল সাফল্য আনে।

(৮) ভাগ্যরেখা থেকে শাখা রেখা রবিক্ষেত্রে গেলে বিপুল খ্যাতি ও সাফল্য নির্দেশ করে।

(৯) রবিরেখা হৃদয়রেখা থেকে উত্থিত হলে জীবনের শেষ বয়সে ভাগ্যবৃদ্ধি হবে।

(১০) সুন্দর রবিরেখা মনিবন্ধ থেকে উত্থিত হলে কুঁড়ে ঘরের জাতকও নৈশ কলেজে পড়িয়া ভাবী জীবনে খ্যাতি ও সাফল্য লাভ করিবেই। সন্দেহের অবকাশ নাই। ভাগ্যরেখা না থাকিলেও ধনী হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিধিলিপি
ভাগ্যদর্পন



রবিরেখার বিশদ বিবরণ
চিত্র ১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিত্ররেখা—১২ দেখুন

(২) আয়ুরেখার মধ্য থেকে শুক্র ক্ষেত্র থেকে রবিরেখা উত্থিত হয়ে রবি ক্ষেত্রে গেলে প্রেমের দ্বারা অর্থ সাফল্য লাভ হয়। যেমন অর্থশালী ব্যক্তির একমাত্র কন্যার সহিত বিবাহ নির্দেশ করে এবং বিপুল সৌভাগ্য লাভ হয়।

(১) চন্দ্র ক্ষেত্র থেকে রবিরেখা শুরু হলে জনগণের উপর সাফল্য নির্ভর করে, যাঁরা ধূমকেতুর মত হঠাৎ খ্যাতির সর্ব্বোচ্চ শিখরে উঠেন।

(৫) চন্দ্র ক্ষেত্র থেকে উত্থিত প্রভাব রেখা রবি রেখায় বা ভাগ্যরেখায় সংযুক্ত হলে প্রেম মিলন বা বিবাহ নির্দেশ দেয়। রবিরেখার স্পর্শ বয়সে বিবাহ হয়।

(৬) ফাঁপা হাতে রবিরেখার কোন প্রভাব বা শক্তি থাকে না। কোন সাফল্য দেয় না।

(৭) ভাগ্যরেখা বা রবিরেখা হাতে না থাকিলে ভাগ্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বা বরাত থেকে কোন সাহায্যই পান না। শান্তিহীন, খ্যাতি-হীন জীবন যাপন করেন।

(৪) রবিরেখা ভগ্ন হলে-সৌভাগ্য সাফল্য ছেদ পড়ে।

(৩) রবিরেখায় দ্বীপ চিহ্ন থাকলে দুর্নাম ও অপ্রীতিকর ঘটনা ঘটে।

(২) শুক্র ক্ষেত্র থেকে উত্থিত হলে ধনীর মেয়ের সহিত বিবাহ নির্দেশ দেয়।

(৬) ফাঁপা হাতে রবিরেখার কোন প্রভাব থাকে না—কোন সাফল্য দেয় না।

(৮) বিবাহরেখা থেকে ১টী সূক্ষ্ম রেখা রবিরেখা অবধি আসিলে ধনীর ঘরে বিবাহ নির্দেশ দেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একাদশ অধ্যায়

সৌভাগ্যের কথা জানুন

সৌভাগ্য সূচক-চিহ্ন মনিবন্ধ থেকে— (১) দীর্ঘ-সুন্দর রবি ও ভাগ্য রেখা এবং অভগ্ন শিরো রেখা দেখুন।

Fate's Choice—লক্ষ্মীর কৃপাসন্তান।

(১) করতলে সমুন্নত গ্রহসংস্থান ও স্থূলাগ্র নখপর্ব্ব এবং দীর্ঘ বৃদ্ধাঙ্গুলি দেখুন।

যেমন—

ভাদ্র মাসের জাতক, পৌষ মাসের জাতক, মাঘ মাসের জাতক, চৈত্র মাসের জাতক হলে এবং জন্মবার ও রবিবার, বৃহস্পতিবার, শুক্রবার হলে সৌভাগ্য সূচক চিহ্ন থাকিলে জাতক বিপুল ধনের অধিকারপ্রাপ্ত হন। (ক) রবিরেখা অভগ্ন সাফল্য রেখা থাকিলে কুঁড়ে ঘরের ভিখারীর জাতক ও নৈশ-স্কুল, কলেজে পড়িয়া ধনশালি হবেন। সন্দেহের অবকাশ নাই। সৌভাগ্য সূচক চিহ্ন হাতে দেখুন।

(২) জ্যৈষ্ঠ, ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক মাসের জাতক শুক্রবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রবিবার, বৃহস্পতিবার জন্মিলে সৌভাগ্যবান হবেন। করতলে সৌভাগ্যসূচক চিহ্ন দেখবেন।

(৩) করতলে সৌভাগ্যসূচক চিহ্ন দেখবেন। অগ্রহায়ণ মাসের জাতকের এবং ফাল্গুন মাসের জাতকের ভাগ্য পরিবর্ত্তন হবে, পৌঢ় বয়সে ৩৬, ৪০ বৎসর বয়স থেকে শুরু হবে।

(৪) Fate's Choice পৌষ মাসের জাতকের এবং মাঘ মাসের জাতকের ভাগ্য পরিবর্ত্তন শুরু হবে ৩২ বৎসর বয়সে। ৩২ বৎসর থেকে ৪৮ বৎসর বয়সের মধ্যে উন্নতির সর্ব্বোচ্চ শিখরে উঠিবেন এবং লটারী প্রাপ্তি ঘটিবে সন্দেহ নাই।

(৫) চৈত্র মাসের জাতকের ভাগ্য পরিবর্ত্তন Fate's Choice লটারী প্রাপ্তি যোগ প্রবল। প্রতি ৮ বৎসর অন্তর অন্তর ভাগ্য বৃদ্ধি হবে।

উন্নতির বয়স—১৮।২৬।৩৪।৪২।৪৮।৫৬।৬৪।৭২ বৎসর বয়সে ভাগ্য বৃদ্ধি হবেই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বাদশ অধ্যায়

করদর্পণে বিধাতার কর্ম্ম-জীবনের (Vocation) সুস্পষ্ট নির্দেশ জানুন

করতলে হাতের রেখাই জীবন পাতার অতীত, বর্ত্তমান, ভবিষ্যৎ, তাই হস্তে কর্ম্মজীবনের Vocation এর নির্দেশ দেখুন—হাতের মানচিত্র দেখুন চিত্র—১

৯টি গ্রহ—শনি, বৃহস্পতি, রবি, বুধ, চন্দ্র, শুক্র, মঙ্গল, রাহু, কেতু প্রতি মাসে, প্রতি দিনে প্রতি পলে, প্রতি বিপলে বিধাতার বিধানে মানবের মানসিকতার উপর প্রভাব বিস্তার করিতেছে। এবং হস্তে প্রতিফলিত হয়ে হস্ত রেখার পরিবর্ত্তন সাধন করিতেছে। হাতের গড়ন, অঙ্গুলির গড়ন, হাতে গ্রহ-সংস্থান সবই ভিন্ন ভিন্ন হাতে ভিন্ন ভিন্ন হয়ে থাকে। এমন কি যমজ ছেলের হাতের গড়ন এবং রেখাদি এক রকমের নহে। প্রতি মাসের জাতকের হাতের গড়ন, কর্ম্মশক্তি, চিন্তাধারা, ভিন্ন ভিন্ন বলে কর্ম্মজীবনও ভিন্ন হবে। ফাঁপা করতলে গ্রহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংস্থান বিশ্রী হলে শিরোরেখা ভগ্ন—বৃদ্ধাঙ্গুলি ক্ষুদ্র হলে জীবন অশান্তিপূর্ণ, বিষময় হবে। এমনকি সুন্দর রবিরেখার এবং ভাগ্যরেখারও কোন প্রভাব থাকে না। শিরোরেখা কম্পাস জীবন যুদ্ধের হাতিয়ার, চাবিকাঠি, সমুন্নত ও করতলও দীর্ঘ বৃদ্ধাঙ্গুলি হওয়া চাই। তাই জাতকের কর্ম্মজীবনের নির্দেশ নিন।

শিরোরেখা, ভাগ্যরেখা, রবিরেখা অধ্যায়ে কর্ম্মজীবনের সন্ধান দিয়াছি, তবুও বিশদভাবে পুনরায় প্রতিমাসের জাতকে কর্ম্মজীবনের সন্ধান নিন। জাতক বৈশাখ মাসে জন্মিলে এবং অন্যান্য মাসে জন্মিলে কর্ম্মজীবন যথা—

বৈশাখ—উচ্চ রাজকর্ম্মচারী, স্বাধীন জীবিকা, বড় বড় পরিকল্পনা কর্ত্তা, সর্ব্বজাগতিক কর্ম্মে সফলতা লাভ।

জ্যৈষ্ঠ—ব্যবসায়ী, সাহিত্যিক হিসাবে সুনাম লাভ, প্রখর স্মৃতিশক্তি, সঙ্গীত, চিত্রকলা, শিল্পকলা, উচ্চপদস্থ রাজকর্ম্মচারী, জনগণের নেতা।

আষাঢ়—উকিল, ব্যারিষ্টার, প্রফেসার, অভিনেতা, অভিনেত্রী, সেয়ার মার্কেট।

শ্রাবণ ও ভাদ্র—জননেতা, অর্থমন্ত্রী, লক্ষ্মীর কৃতি সন্তান, সৌভাগ্যশালী, লটারী প্রাপ্তি হবে।

আশ্বিন—ব্যবসা, উকিল, ব্যারিষ্টার, উচ্চপদ।

কার্ত্তিক—সব লাইনে কৃতকার্য্য, জজ, উচ্চপদ।

অগ্রহায়ণ—বড় বড় পরিকল্পনা, রাজনীতি ক্ষেত্রে সম্মান লাভ, দ্বৈতজীবন, নামজাদা অস্ত্র চিকিৎসক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৌষ ও মাঘ—সৌভাগ্যশালী সব লাইনে কৃতকার্য্যতা, লক্ষ্মীর কৃতি সন্তান, গবেষণা, সুবক্তা, ব্যবসায়ী, পদস্থ রাজ-কর্ম্মচারী।

ফাল্গুন—বড় বড় ব্যবসায় দক্ষতা, মৌলিক প্রতিভা, গবেষণা, বৈজ্ঞানিক উদ্ভাবনী শক্তি।

চৈত্র—উদ্ভাবনী শক্তি, প্রখর স্মৃতিশক্তি ক্ষমতা, বিনা পুস্তকে সর্ব্ব বিষয়ে জ্ঞান লাভ, সাহিত্যিক, উচ্চপদস্থ ক্যাপটেন, নাবিক, বৈদেশিক ব্যবসায় দক্ষতা, দানী, শিল্পী, সাধু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্রয়োদশ অধ্যায়

বিধাতার প্রদত্ত করতলে সৌভাগ্যসূচক চিহ্ন থেকে সুখের ও দুঃখের নির্দেশ জানুন

করতলে বৃহস্পতি ক্ষেত্রে চতুষ্কোণ চিহ্ন থেকে সৌভাগ্যের সবিশেষ পরিচয় জানা যায়। বৃহস্পতি ক্ষেত্রে চতুষ্কোণ চিহ্ন সব সময়ে ক্ষেত্রে থাকে না। সুখের সময় ও সৌভাগ্যের পরিচায়ক চতুষ্কোণ চিহ্ন হঠাৎ আসিয়া উপস্থিত হয়। ইহা থেকে এই নির্দেশ পাওয়া যায়, যে জাতকের ভাবী জীবনের ৫ বৎসর কিম্বা ৭ বৎসর সুখে অতিবাহিত হইবে। সন্দেহের অবকাশ নাই। বিপুল সৌভাগ্যের নির্দেশ দেয়

করতলে সৌভাগ্যসূচক চতুষ্কোণ চিহ্নের স্থিতিকাল মাত্র ৫ বৎসর থেকে ৭ বৎসর উক্ত সময়ে সৌভাগ্যবৃদ্ধি হইবে সন্দেহের অবকাশ নাই। এই চিহ্ন ভাবী জীবনের সুখের বার্ত্তা বহন করিয়া আনে। ১ বৎসর পূর্ব্বে থেকে বৃহস্পতি ক্ষেত্রে আসিয়া থাকে অর্থাৎ ভাবী সুখের জীবনের ১ বৎসর পূর্ব্বে থেকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৃহস্পতি ক্ষেত্রে চতুষ্কোণ চিহ্ন সম্পূর্ণ ৭ বৎসর থাকিবার পর আবার সুখ-সৌভাগ্য দান করিয়া মিলাইয়া যায় অর্থাৎ ক্ষেত্রে কোন চিহ্নই থাকে না। ভাবী জীবনের সুখের ৭ বৎসর-কাল হঠাৎ লটারী প্রাপ্তি, গৃহ ও ভুমিলাভ, পদ-উন্নতি, অর্থ প্রাপ্তি, ভ্রমণ দ্বারা সৌভাগ্য বৃদ্ধি, ক্ষমতা বৃদ্ধি হইবে সন্দেহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্দশ অধ্যায়

বিধাতা প্রদত্ত করতলে গ্রহক্ষেত্রে ও কর্ম্মজীবনের সন্ধান দেখুন

করতলে ৭টি গ্রহ ক্ষেত্রের সন্ধান পূর্ব্বে দিয়াছি। হাতের মানচিত্র দেখুন চিত্র – ১। ৭টি গ্রহ ক্ষেত্র থেকে কর্ম্ম-জীবনের সম্পূর্ণ নির্দেশ পাওয়া যায়। সব গ্রহ সব হাতে সমানভাবে অবস্থিত থাকে না। কারও বৃহস্পতি, কারও শুক্র, কারও মঙ্গল, কারও শনি, কারও বুধ, কারও রবি, কারও চন্দ্র, এইভাবে থাকে। যাহার হাতে যে গ্রহ ক্ষেত্রের প্রাধান্য দেখিবেন তাহার সেই গ্রহকে ভাগ্যকর্ত্তা বা ভাগ্যবিধাতা বলিয়া জানিবেন। যেমন—

বৃহস্পতি ক্ষেত্রে সমুন্নত হলে বৃহস্পতি গ্রহই জীবনের ভাগ্যবিধাতা বলিয়া জানিবেন।

বৃহস্পতি ধনের, সৌভাগ্যের এবং অর্থ উপার্জ্জনের একমাত্র মালিক।

বৃহস্পতি সমুন্নত হলে (Vocation) কর্ম্মজীবন—অধ্যাপক, বিচারক, দার্শনিক, গুরু, জ্ঞানযোগী, বাগ্মী, মৌলিক গবেষণা,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বক্তা, আবিস্কারক, বিশ্ববিদ্যালয়ের সনামখ্যাত প্রফেসার, মন্ত্রীপদ লাভ প্রভৃতিতে খ্যাতির সম্পূর্ণ নির্দেশ দেয়।

রবিগ্রহ সমুন্নত হলে (Vocation) কর্ম্ম-জীবন ডাক্তার, ইন্‌জিনিয়ার, শাসন বিভাগের উচ্চপদস্থ রাজকর্ম্মচারী, যশস্বী হবে জানিবেন।

বুধের গ্রহ সমুন্নত হলে (Vocation) কর্ম্মজীবন—উকিল, ব্যারিষ্টার, এটর্নী, জ্যোতিষী, লেখক, সম্পাদক, বাগ্মী, শিল্পী, যাদুকর, ইনজিনিয়ার, ব্যবসায়ী, চিকিৎসক, চিত্রকর বলে জানিবেন।

শুক্র ক্ষেত্র সমুন্নত হলে (Vocation) কর্ম্মজীবন—অভিনেতা, অভিনেত্রী, কবি, লেখক, ইন্‌জিনিয়ার, চিকিৎসক, ব্যবসায়ী, জ্যোতিষী, মন্ত্রীপদ লাভ, উদ্ভাবনী শক্তি সম্পন্ন, প্রফেসার, গবেষণামন্দির, খ্যাভিলাভ বলে জানিবেন।

বিধাতার মঙ্গল বিধান প্রদত্ত ভাবী কর্ম্মজীবনের সন্ধান পাবেন।

চন্দ্রের ক্ষেত্র সমুন্নত হলে (Vocation) কর্ম্ম-জীবন—কেরানী, রেশম, সূক্ষ্ম বস্ত্র, বা জলজ ব্যবসায়ী, কবি, লেখক, নাবিক, ক্যাপটেন বলে জানিবেন।

শনির ক্ষেত্রে সমুন্নত হলে (Vocation) কর্ম্মজীবন—ব্যবসা, সন্ন্যাসী, লোহা, কয়লা, খনিজ ব্যবসা, গবেষণা, চাকরী, Speculation দ্বারা উন্নতি হবে জানিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মঙ্গল ক্ষেত্র সমুন্নত হলে (Vocation) কর্ম্মজীবন—সৈন্য, অঙ্কে দক্ষতা, পুলিশ ও শাসন বিভাগের উচ্চপদস্থ রাজকর্ম্মচারী, কণ্ট্রাকটার, ইন্-জিনিয়ার, ডাক্তার, অস্ত্র চিকিৎসক, অঙ্কের প্রফেসার, কল-কারখানার মালিক হবে বলে নিশ্চয় জানিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চদশ অধ্যায়

বিধাতার ভাবী জীবনের সমাধানকল্পে রেখা মধ্যে এবং সব গ্রহক্ষেত্র মধ্যে কতিপয় বিশেষ রহস্যময় চিহ্ন দ্বারা হাসি-কান্নার নির্দেশদান দেখুন

১। বুধক্ষেত্র মধ্যে বিবাহ রেখা যদি বাঁকিয়া হৃদয় রেখা অভিমুখে নামিয়া যায়, তবে নির্দেশ দেয় যে স্বামী বা স্ত্রীর মৃত্যু হবে।

(১) যেমন—জাতকের হাতে বিবাহ রেখা বাঁকিয়া হৃদয় রেখার দিকে নামিয়া গেলে স্ত্রীর মৃত্যু হবে। জাতিকার হাতে বিবাহ রেখা বাঁকিয়া হৃদয় রেখার দিকে নামিয়া গেলে স্বামীর মৃত্যু হবে।

২। বিবাহ রেখা যদি দ্বিধা বিভক্ত থাকে এবং ২টি শাখাই হৃদয় রেখার দিকে ঢলিয়া পড়ে তাহা হইলে শীঘ্রই দম্পতির মধ্যে বিবাহ বিচ্ছেদ আসিবে, সন্দেহের অবকাশ নাই।

৩। বৃহস্পতি ক্ষেত্রে—তারা চিহ্ন বা ক্রশ চিহ্ন থাকিলে বিবাহ সুখের হবে সন্দেহ নাই।

৪। শুক্র ক্ষেত্রে তারা চিহ্ন বা ক্রশ চিহ্ন থাকিলে অসুখকর বিবাহ বুঝায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫। ভাগ্যরেখা বা হৃদয় রেখা মধ্যে উভয় হস্তে যব চিহ্ন থাকিলে অবৈধ প্রণয় বুঝায়।

৬। হৃদয় রেখা বুধ ক্ষেত্রে বা রবিক্ষেত্রে বা শনিক্ষেত্রে ভগ্ন হলে তবে ভালবাসার ব্যক্তিকে লাভে বিঘ্ন ঘটে। প্রণয়ে বিচ্ছেদ আসে।

৭। কাহারও যদি বৃদ্ধাঙ্গুলির ১ম পর্ব্ব খুব চওড়া, পুরু ও গোল ধরণের হয় তবে তাকে খুনী বলে জানিবে। এবং তাকে বর্জ্জন করে চলবে।

৮। বৃহস্পতি ক্ষেত্র মধ্যে যদি ১টী সরল অভগ্ন রেখা থাকে তবে জাতকের উন্নতি এবং সাফল্য বলে জানিবে।

৯। বৃহস্পতি ক্ষেত্র মধ্যে যদি চতুষ্কোণ চিহ্ন থাকে তবে জাতকের বিশেষ সাফল্য, উচ্চাকাঙ্খা পরিপূর্ণ হবে বলে জানিবেন। হঠাৎ লটারী প্রাপ্তি, বিপুল অর্থ, সুরম্য গৃহ ও ভূমি লাভ হবে। পদ-উন্নতি, ব্যবসায় উন্নতি, তীর্থভ্রমণ দ্বারা অর্থপ্রাপ্তি হবেই। উক্ত চিহ্নের স্থিতিকাল—৭ বৎসর তারপর মিলাইয়া যায়।

১০। বৃহস্পতি ক্ষেত্রে—জাল চিহ্ন থাকিলে জাতক চরিত্রহীন বলে জানিবে।

১১। বৃদ্ধাঙ্গুলির ২য় পর্ব্ব মধ্যে সুন্দর যব চিহ্ন থাকিলে জাতক বিশেষ বিদ্বান এবং ধনশালী হবে জানিবে। যব হীনের বিদ্যা এবং ধন হবে না বলে জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২। শুক্রক্ষেত্র মধ্যে তারা চিহ্ন জাতকের আত্মীয়ের মৃত্যু হবে বলে জানিবে।

১২। (ক) বিবাহ রেখায় কাল চিহ্ন থাকিলে জাতিকার বৈধব্য বলে জানিবে।

(খ) হৃদয় রেখার ক্ষুদ্র শাখা রেখা উঠিয়া ভাগ্যরেখা কাটিলে—বৈধব্য বলে জানিবে।

১৩। শনিক্ষেত্রে ক্রশ চিহ্ন জাতকের সন্তান হীনতা বুঝায়। ইহা দ্বারা দৈব-দুর্ঘটনার নির্দেশ দেয়।

১৪। শনিক্ষেত্রে তারা চিহ্ন দুই হাতে থাকিলে জাতকের ফাঁসী দ্বারা মৃত্যু নির্দেশ দেয়।

১৫। শনিক্ষেত্রে চতুষ্কোণ চিহ্ন জাতকের বিপদ থেকে মুক্তি নির্দেশ দেয়।

১৬। রবিক্ষেত্রে তারা চিহ্ন বা বৃত্ত চিহ্ন খুব যশস্বী এবং অর্থশালী করে সন্দেহ নাই।

১৭। বুধক্ষেত্রে ১টী সরল সুন্দর রেখা হঠাৎ অর্থপ্রাপ্তি নির্দেশ দেয়।

১৮। বুধক্ষেত্রে ৪টী ছোট সরল রেখা থাকিলে—ডাক্তার হবে বলে বুঝায়।

১৯। বুধক্ষেত্রে ১টী বৃত্ত চিত্র থাকিলে বিষ প্রয়োগে মৃত্যু নির্দেশ দেয়

২০। চন্দ্রক্ষেত্রে বৃত্ত বা তারা চিহ্ন বা কোণ চিহ্ন থাকিলে জলে ডুবিয়া মৃত্যু নির্দেশ দেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২১। শনিক্ষেত্রে যদি কালো দাগ থাকে তবে অমঙ্গল ও বিপদ আনে।

২২। কনিষ্ঠা অঙ্গুলির এবং মধ্যমা অঙ্গুলির নখ হরিৎবর্ণ হলে মৃত্যু আসন্ন বলে জানিবে।

২৩। পায়ের কনিষ্ঠা, তর্জ্জনী, অনামিকা অঙ্গুলি সকল ১টী অপরটীর উপর চড়িয়া থাকিলে, উঠিয়া গেলে জাতিকা বিধবা হবে বলে বুঝায়।

২৪। শুক্রক্ষেত্রে যব চিহ্ন থাকিলে ভালবাসা ভঙ্গ বা বিবাহ ভঙ্গ বলে নির্দেশ দেয়।

২৫। কনিষ্ঠা অঙ্গুলি অনামিকার প্রায় সমান হলে লম্বা হলে এবং ১ম পর্ব্ব দীর্ঘ হলে—সুবক্তা বলে বুঝায়। এবং ২য় পর্ব্ব দীর্ঘ হলে বিজ্ঞান শাস্ত্রে বিশেষ পারদর্শিতা লাভ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষষ্ঠদশ অধ্যায়

বার গণনার সহজ পদ্ধতি

অতীত, বর্ত্তমান, ভবিষ্যৎ ৪০০ শত বৎসরের স্থায়ী ক্যালেণ্ডার (Permanent Calendar)

১৮০০, ১৯০০, ২০০০, ২১০০, বর্ষের Calendar দেখুন

বার-দিন গণনার সহজ পদ্ধতি জানুন।

জীবন নাটকের যে কোন তারিখের বার-জন্মবার গণনার সহজ পদ্ধতি অবগত হউন।

(ক) Formula ফর্ম্মূলা পরিবেশিত হইল। যেমন—

১০ই জানুয়ারী ১৯৪৬ ইং কি বার ছিল আপনার জানিতে হইবে।

১। যে সনের বার জানিতে হইবে সেই বর্ষের ১৯৪৬ শেষ ২ অঙ্ক সংখ্যা নিন। ৪৬

২। এবার আপনার কাম্য বর্ষের শেষ ২ অঙ্কের ¼ ভাগ সংখ্যা যোগ করুন। ভাগশেষ ধরিতে হইবে না।

যেমন— ৪৬ ÷ ¼ ১১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। এখন তারিখ অঙ্ক সংখ্যা যোগ করুন। ইং ১৯৪৬ ১০ই জানুয়ারী— ১০

৪। এখন মাসাঙ্ক-নিম্নে যাহা দেওয়া হইল তাহা দেখুন। জানুয়ারী মাসাঙ্ক যোগ করুন। ১

৬৮

প্রতি মাসাঙ্ক নিম্নে পরিবেশিত হইল।

যেমন—

জানুয়ারী	১	(Leapyear হলে ০)	
ফেব্রুয়ারী	৪	(Leapyear হলে ৩)	
মার্চ্চ	৪	আগষ্ট	৩
এপ্রিল	০	সেপ্টেম্বর	৬
মে	২	অক্টোবর	১
জুন	৫	নভেম্বর	৪
জুলাই	০	ডিসেম্বর	৬

(৫) এখন শতাব্দী অঙ্ক পরিবেশিত হইল।

যেমন— শতাব্দী অঙ্ক যোগ করুন।

১৮০০ শতব্দীর শতাব্দী অঙ্ক	৪
১৯০০ শতাব্দীর	২
২০০০ শতাব্দীর	০
২১০০ শতাব্দীর	৬
পূর্ব যোগফল	৬৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৯৪৬ বিংশ শতাব্দী বলে ০

সর্ব্বমোট ৬৮

৬। এখন মোট সংখ্যাকে ৭ দিয়া ভাগ করুন। ভাগশেষ অঙ্ক—বারের নির্দেশ দিবে। ৬৮ ÷ ৭ = ভাগশেষ ৫ বলে বৃহস্পতি বার হইবে সন্দেহ নাই।

যেমন—

রবিবার	১	বুধবার	৪
সোমবার	২	বৃহস্পতিবার	৫
মঙ্গলবার	৩	শুক্রবার	৬
		শনিবার	৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তদশ অধ্যায়

জীবনের উন্নতিমূলক ও সৌভাগ্যবর্দ্ধক স্মরণীয় বৎসর জানুন

জন্মমাস বৈশাখ মাস হইতে চৈত্র মাসের জাতকের সুস্পষ্ট গ্রহসংস্থান ও বৃদ্ধাঙ্গুলি এবং শিরোরেখা দীর্ঘ ও অভগ্ন হলে সুখের সৌভাগ্যবর্দ্ধক শুভ বৎসর।

১। বৈশাখ— ১৭, ২২, ২৮, ৩৪, ৩৯, ৪৬, ৫১, ৫৫, ৬৫, ৬৮ বৎসর উন্নতিমূলক সৌভাগ্য-বর্দ্ধক বৎসর।

২। জ্যৈষ্ঠ— ২৮, ৩৬, ৪৬, ৫২, ৫৫, ৬১, ৬৬ বৎসর উন্নতিমূলক।

৩। আষাঢ়— ২০, ২৮, ৩৬, ৪৪, ৫২, ৬০, ৬৮ বৎসর উন্নতিমূলক।

৪। শ্রাবণ— ১৭, ২৩, ৩০ ৩৭, ৩৯, ৪৪, ৫১, ৫৭, ৬৩, ৬৭, ৭২ বৎসর উন্নতিমূলক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফাঁপা হাতে সুন্দর ভাগ্যরেখা ও রবিরেখা থাকিলেও কোন উন্নতির আশা করা যায় না দিন দুঃখে কাটিবে।

৫। ভাদ্র— ২০, ২৫, ৩০, ৩৫, ৪০, ৪৫, ৫০, ৫৫, ৬০, বৎসর উন্নতিমূলক।

৬। আশ্বিন— ২১, ২৭, ৩৪, ৪২, ৪৭, ৫৪, ৬২, ৬৭ বৎসর উন্নতিমূলক।

৭। কার্ত্তিক— ২১, ২৮, ৩৫, ৪৪, ৫৩, ৫৮. ৬৬, বৎসর উন্নতিমূলক।

৮। অগ্রহায়ণ— ২২, ৩০, ৩৬, ৪২, ৪৮, ৫৫, ৬৪, ৭০ বৎসর উন্নতিমূলক।

৯। পৌষ— ২৮, ৩৬, ৪২, ৫২, ৬৪, ৭২, বৎসর উন্নতিমূলক।

১০। মাঘ— ২২, ৩০, ৩৬, ৪২, ৫৪, ৫৯, ৬৩, ৬৭ বৎসর উন্নতিমূলক।

১১। ফাল্গুন— ২২, ৩০, ৩৭, ৪৫, ৫০, ৫৭, ৬৩, ৬৬, ৬৭ বৎসর উন্নতিমূলক।

১২। চৈত্র— ১৮, ২৬, ৩৪, ৫২, ৪৮, ৫৬, ৬৪, ৭২ বৎসর উন্নতিমূলক।

প্রতি ৮ বৎসর অন্তর সৌভাগ্য বর্দ্ধক স্মরণীয় বৎসর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অষ্টাদশ অধ্যায়

জীবন সঙ্কট ও গ্রহবৈগুণ্য শান্তিদানের নির্দেশ জানুন

১।	রবিগ্রহের রত্ন—	পদ্ম-রাগ-মণি
২।	চন্দ্রগ্রহের রত্ন—	শ্বেত-মুক্তা, সাদা-পোকরাজ
৩।	মঙ্গল গ্রহের রত্ন—	প্রবাল
৪।	বুধ গ্রহের রত্ন—	পান্না
৫।	বৃহস্পতি গ্রহের রত্ন	পীত পোকরাজ, পীত-মুক্তা
৬।	শুক্র গ্রহের রত্ন —	হীরক
৭।	শনি গ্রহের রত্ন—	নীলা
৮।	রাহু গ্রহের রত্ন—	গোমেদক-মণি
৯।	কেতু গ্রহের রত্ন—	ক্যাটস-আই, (বৈদুর্য্য মণি)

পাষণ্ড খুনী প্রকৃতির বিশদ পরিচয় জানুন— এবং তার সংস্রব থেকে দূরে থাকুন

১। খুনীর হাতে বৃদ্ধাঙ্গুলির নখপর্ব্ব ১ম পর্ব্ব খুব চওড়া, পুরু, চেপটা ও গোল, মোটা গদার ন্যায়, ১ম পর্ব্ব দেখতে পাবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। মধ্যমার ২য় পর্ব্ব * তারা চিহ্ন দেখতে পাবেন।

৩। করতলের মধ্যস্থলে মঙ্গল ক্ষেত্রে অশোভনীয় ১টী × ক্রশ চিহ্ন দেখতে পাবেন।

উপরিউক্ত চিহ্নে পাষণ্ড খুনী নৃশংস-হত্যাকারী বলে জানিবেন।

পরম মঙ্গলময় বিধাতার বিধান খুনী হাত দেখলে সবিশেষ জানিবেন।

হঠাৎ জীবন-প্রদীপ নির্ব্বাপিত হওয়ার সুস্পষ্ট নিদর্শনও হাতেই দেখতে পাবেন।

১। আয়ু রেখা হঠাৎ থামিয়া গেলে এবং সেখানে গভীর কাল বিন্দু চিহ্ন দেখতে পাবেন।

২। হৃদয় রেখা হঠাৎ শনিক্ষেত্রে কোন শাখা না নিয়া শুরু হলে—

৩। উভয় হাতে হৃদয়রেখা শিরোরেখার সহিত শনিক্ষেত্রে বা বৃহস্পতিক্ষেত্রে সংযুক্ত হলে—

৪। হাতে ৪টী অঙ্গুলির প্রত্যেক পর্ব্বে ছোট ক্ষুদ্র রেখা দেখতে পাবেন।

উপরিউক্ত চিহ্ন করতলে নির্দেশ দিয়া মঙ্গলময় বিধাতা হঠাৎ জীবন-প্রদীপ নির্ব্বাণের নির্দেশ দিয়াছেন দেখবেন। মঙ্গলময় করুণার কথা চিন্তা করুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঊনবিংশ অধ্যায়

মঙ্গলময়ী বিধাতার নির্দেশ জানুন।
করতলে শিরোরেখা দৃষ্টে জন্মমাস, জন্মবার এবং জন্মতারিখ নির্দেশ জানুন।

১। করতলে শিরোরেখা বৃহস্পতি গ্রহ ক্ষেত্রে শেষ হলে জন্মবার বৃহস্পতিবার বলে জানিবেন এবং শিরোরেখা মধ্যে দৃষ্ট ক্রশ চিহ্ন থেকে তারিখ সন্ধান পাবেন। ২টি ক্রশ চিহ্নের মধ্যবর্ত্তী ব্যবধান পরিমাপ করিলে জন্ম তারিখের সন্ধান মিলিবে। ১টী হলে ১০ই তারিখ বলে জানিবেন।

এবার জন্ম মাসের সন্ধান নিন।

বৃহস্পতি ক্ষেত্রে শিরোরেখা প্রবেশ করিলে জন্মমাস পৌষ মাস কিম্বা চৈত্র:মাস বলে জানিবেন, শিরোরেখা পরিস্কার হলে রেখায় কোন বিরুদ্ধ চিহ্ন না থাকিলে পৌষ মাস বলে জানিবেন। নতুবা চৈত্র মাস বলে জানিবেন।

২। শিরোরেখা শণি গ্রহক্ষেত্রে গেলে বা শেষ হলে জন্মবার—শনিবার এবং জন্মমাস—মাঘ কিম্বা ফাল্গুন বলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানিবেন। এখানেও ক্রশ চিহ্ন থেকে শিরোরেখায়স্থিত জন্ম তারিখের নির্দেশ নিন।

৩। শিরোরেখা রবিক্ষেত্রে গেলে জন্মবার রবিবার এবং জন্ম মাস—ভাদ্র মাস বলে জানিবেন।

৪। শিরোরেখা বুধ ক্ষেত্রে গেলে জন্মবার বুধবার এবং জন্ম মাস আষাঢ় কিম্বা আশ্বিন বলে জানিবেন।

৫। শিরোরেখা মঙ্গল গ্রহ ক্ষেত্রে গেলে জন্মবার মঙ্গলবার এবং জন্মমাস বৈশাখ কিম্বা অগ্রহায়ণ মাস বলে জানিবেন।

৬। শিরোরেখা চন্দ্রক্ষেত্রে শেষ হলে জন্মবার সোমবার এবং জন্মমাস শ্রাবণ মাস বলে জানিবেন।

৭। শিরোরেখা শুক্র ক্ষেত্রে শেষ হলে জন্মবার শুক্রবার এবং জন্মমাস জ্যৈষ্ঠ কিংবা কার্ত্তিক বলে জানিবেন।

কররেখা দৃষ্টে কোষ্ঠী প্রকরণ, জন্ম-নক্ষত্র থেকে ভৃগুমতে বিচার। বর্ষফল, মাসফল—জীবনের রঙ্গমঞ্চের যাবতীয় জ্ঞাতব্য বিষয়—বিধিলিপি ২য় ৩য় খণ্ডে পরিবেশিত হইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিংশ অধ্যায়

জীবন-নাটকে মঙ্গলময় বিধাতার খুনী-হত্যাকারী হস্তের অপর ১টি চিত্রে বিশদ নির্দেশ জানুন

১। খুনী হস্তের চিত্র—

(ক) করতল বেশী চওড়া, মোটা, ভারী, লাল আভা-যুক্ত হস্ত।

(খ) ক্ষুদ্র, বিশ্রী, দৃঢ়, কর্কশ অঙ্গুলিযুক্ত হস্ত।

(গ) নখাগ্রভাগে কোন টিপ নাই বিশ্রী, মোটা—

(ঘ) হস্তে অঙ্গুলিপর্বে কোন গাঁট নাই বলিলেও চলে বিশেষতঃ অঙ্গুলি সকলের ২য় পর্বে কোন গাঁট নাই বলিলেও চলে বিশেষতঃ অঙ্গুলি সকলের ২য় পর্বে গাঁট বেশ মোটা, বিশ্রী দেখতে পাবেন।

(ঙ) সকল অঙ্গুলির নখ-চওড়া, মোটা, ক্ষুদ্র এবং লাল আভাযুক্ত হবে।

(চ) বিশেষতঃ বৃদ্ধাঙ্গুলি বেশ ছোট, বিশ্রী, বেশ মোটা দেখিতে ভীমের গদা-সাদৃশ্য এবং বৃদ্ধাঙ্গুলির ১ম ইচ্ছাশক্তিপর্ব এবং ২য় বিচারশক্তি পর্ব বেশ ছোট দেখতে পাবেন। হস্তে এই সকল চিহ্নে খুনী বলে জানিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। ধ্রুব আসন্ন মৃত্যুর নির্দেশ দেখুন। হস্তের বৃদ্ধাঙ্গুলির ২য় গাঁট যদি ভাঙ্গিয়া গিয়া বৃদ্ধাঙ্গুলিটী করতলে হেলিয়া শুইয়া থাকে এবং কনিষ্ঠার নিম্নে বুধ ক্ষেত্রে এবং মঙ্গল ক্ষেত্রে শুইয়া করতল স্পর্শ করিয়া থাকে তবে রোগীর ধ্রুব আসন্ন মৃত্যু বলে জানিবেন। রোগীর জীবন-প্রদীপ চিরতরে নির্ব্বাপিত হইবে সন্দেহ নাই। সবিশেষ পরীক্ষিত বলে জানিবেন।

৩। বড় হাতে করতল বড় হলে—হস্তাক্ষর ছোট হবে, এবং সূক্ষ্মকাজে বিশেষ পারদর্শী হবে। তাজমহাল নির্ম্মাণ-কারী, এবং স্বর্ণকারদের হাত দেখুন।

৪। ছোট হাতে করতল ছোট হলে—হস্তাক্ষর বড় হবে এবং সূক্ষ্মকাজে বিশেষ অপটু হবে। মোটা কাজ প্রিয়।

৫। হস্তে-লম্বা অঙ্গুলি এবং অঙ্গুলিপর্ব দীর্ঘ হলে পরমায়ু—দীর্ঘজীবন লাভ করবে। এবং খুঁটি-নাটি প্রিয় বলে বিস্তারিত বিবরণ প্রিয়।

৬। হস্তে ছোট অঙ্গুলি এবং অঙ্গুলিপর্ব ছোট হলে পরমায়ু—স্বল্প আয়ু নির্দেশ দেয়। খুঁটিনাটি ভালবাসে না বলে সংক্ষিপ্ত বিবরণ ভালবাসে।

৭। হস্তে কনিষ্ঠা এবং অনামিকা দীর্ঘ হলে—দীর্ঘ জীবন লাভ করবে এবং জীবন উন্নতিশীল এবং মধুময় হবে সন্দেহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্ম তারিখ এবং জন্মবার থেকে সৌভাগ্য পরিচয় জানুন

১। বৎসরের যে কোন মাসের ১লা, ১০ই, ১৯শে কিংবা ২৮শের মধ্যে যে কোন তারিখ জন্ম হলে এবং জন্ম রবিবার হলে—উন্নতিমূলক বৎসর হবে—

১, ৭, ১০, ১৬, ১৯, ২৮, ৩৪, ৩৭, ৪৩, ৪৬, ৫২, ৬১, ৭০, বৎসর বয়স।

বিশেষত ঃ— শ্রাবণ, ভাদ্র, মাঘ মাসে জন্ম হলে ভাগ্য প্রভাবিত হবে।

ভাগ্য—জাতক সৌভাগ্যশালী হবেই, কিন্তু ৩৬ বৎসরের পূর্ব্বে ভাগ্যের আভাস পাবেন না। বিবাহ সমস্যা বহুল। একসঙ্গে দুই জায়গায় ভালবাসায়ও পড়তে পারেন।

২। বৎসরের যে কোন মাসের ২রা, ১১ই, ২০শে কিম্বা ২৯শে তারিখ মধ্যে যে কোন তাং জন্ম হলে এবং জন্মবার সোমবার হলে—উন্নতিমূলক বৎসর হবে।

(ক) এবং জন্ম তাং ৭ই, ১৬ই, ২৫শে হলেও উন্নতির বৎসর হবে। ২, ৭, ১১, ১৬, ২০, ২৫, ২৯, ৩৪, ৩৮, ৪৩, ৪৭, ৫২, ৫৬, ৭০ বৎসর বয়স।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশেষত ঃ— শ্রাবণ, ভাদ্র, মাঘ মাসে জন্ম হলে ভাগ্য বিশেষ প্রভাবিত হবে।

ভাগ্য—প্রৌঢ় বয়সে জাতক সৌভাগ্যশালী। হবেই লটারী, পরধন প্রাপ্তি যোগ প্রবল বলে অর্থ ও সম্পত্তি আসবে সন্দেহ নাই। দাম্পত্য জীবন সুখের হবে।

৩। বৎসরের যে কোন মাসের ৩রা, ১২ই, ২১শে, কিম্বা ৩০শে মধ্যে যে কোন তাং জন্ম হলে এবং জন্মবার বৃহস্পতি-বার হলে উন্নতিমূলক বৎসর হবে—৩, ১২, ২১, ৩০, ৩৯, ৪৮, ৫৭, ৬৬, ৭৫ বৎসর বয়স।

বিশেষত ঃ— পৌষ, ফাল্গুন মাস জন্ম হলে ভাগ্য বিশেষ প্রভাবিত হবে।

ভাগ্য—জাতক সৌভাগ্যশালী হবেই। বৃদ্ধ বয়সে সৎকার্য্যে প্রচুর ব্যয় করবেন। দাম্পত্য জীবন সুখের হবে।

৪। বৎসরের যে কোন মাসের ৫ই, ১৪ই কিম্বা ২৩শে মধ্যে যে কোন তাং জন্ম হলে এবং জন্মবার বুধবার হলে—উন্নতিমূলক বৎসর হবে—৫, ১৪, ২৩, ৩২, ৪১, ৫০, ৫৯, ৬৮, ৭৭, বৎসর বয়স।

বিশেষত ঃ— আষাঢ়, আশ্বিন মাস জন্ম হলে ভাগ্য বিশেষ প্রভাবিত হবে।

ভাগ্য—ভাগ্য পরিবর্ত্তন হবে নানা ঝঞ্ঝাটের মধ্য দিয়ে। প্রৌঢ় বয়সে ভাগ্যের উন্নতি আসবে। পৈতৃক, শ্বশুরকুল কিম্বা লটারী থেকে প্রচুর অর্থ সম্পত্তি আসবে সন্দেহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) বৎসরের যে কোন মাসে ৬ই, ১৫ই কিম্বা ২৪শে মধ্যে যে কোন তাং জন্ম হলে এবং শুক্রবার জন্ম হলে—উন্নতি-মূলক বৎসর হবে—৬, ১৫, ২৪, ৩৩, ৪২, ৫১, ৬০, ৬৯, ৭৮, ৮৯ বৎসর বয়স।

বিশেষত ঃ— জ্যৈষ্ঠ, কার্ত্তিক মাস জন্ম হলে ভাগ্য বিশেষ প্রভাবিত হবে।

ভাগ্য—ভাগ্য ঝঞ্ঝাটপূর্ণ, নানা বাধা বিঘ্ন অতিক্রম করে জাতককে উন্নতির পথে অগ্রসর হতে হবে। সাময়িক নিঃস্ব হলেও প্রৌঢ় বয়সে নিশ্চয়ই সৌভাগ্যশালী হবেই। দাম্পত্য জীবন সুখের হবে।

৬। বৎসরের যে কোন মাসের ৯ই, ১৮ই কিম্বা ২৭শে মধ্যে যে কোন তাং জন্ম হলে এবং জন্মবার মঙ্গলবার হলে উন্নতিমূলক বৎসর হবে—৯, ১৮, ২৭, ৩৬, ৪৫, ৫৪, ৬৩, ৭২, ৮১, বৎসর বয়স।

বিশেষত ঃ— বৈশাখ, কার্ত্তিক, অগ্রহায়ণ মাসে জন্ম হলে ভাগ্য বিশেষ প্রভাবিত হবে।

ভাগ্য—প্রচুর অর্থ-সম্পত্তির জাতক অধিকারী হবেন। কিন্তু মামলা-মোকদ্দমায় ভাগ্য বিপর্য্যয়ও হতে পারে। দাম্পত্য-জীবন নিজের দোষে অশান্তিপূর্ণ হবে।

৭। বৎসরের যে কোন মাসে—৮ই, ১৭ই কিম্বা ২৬শে তারিখ মধ্যে যে কোন তারিখ জন্ম হলে এবং জন্মবার শনিবার হলে, (খ) এবং জন্ম তারিখ ৪ঠা, ১৩ই, ২২শে কিম্বা ৩১শে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হলে—উন্নতিমূলক বৎসর হবে—৮, ১৭, ২৬, ৩৫, ৪৪, ৫৩, ৬২, ৭১, ৮০ বৎসর বয়স।

বিশেষত ঃ— জন্ম মাস শ্রাবণ, ভাদ্র, মাঘ, ফাল্গুন হলে ভাগ্য বিশেষ প্রভাবিত হবে।

ভাগ্য—ব্যবসা, বাণিজ্যে ভাগ্যের উন্নতি আসবে। জাতক সৌভাগ্যবান হবেন। নানাদিক দিয়ে জাতকের অর্থ-সম্পত্তি, আসবে। হঠকারিতায় যথেষ্ট অর্থনষ্ট হবে সন্দেহ নাই। শেষ বয়সে সুখ-সমৃদ্ধি হবে, দাম্পত্য জীবন বিশেষ সুখের হবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একাবিংশ অধ্যায়

ললাট রেখার পরিচয় জানুন

নাসিকা ও ভ্রূদ্বয়ের উর্দ্ধে কেশ সীমার নিচে এবং ভ্রূর প্রান্তদ্বয়ের উপরিভাগের মধ্যগত স্থানকে ললাট বলে। ললাটের মধ্যস্থিত ৭টি রেখা দ্বারা ৭টী গ্রহ স্থান নির্নীত। কেশের নিম্নস্থ রেখার অধিপতি শনিগ্রহ, তাহার নিম্নস্থ ২য় রেখার অধিপতি বৃহস্পতি গ্রহ, তন্নিম্নে তৃতীয়ের অধিপতি মঙ্গল গ্রহ, ৪র্থের অধিপতি রবিগ্রহ, ৫মের অধিপতি শুক্র গ্রহ, ৬ষ্ঠের অধিপতি বুধ গ্রহ, এবং ৭মের অধিপতি চন্দ্র গ্রহ।

ললাট রেখার ফল জানুন

১। ললাটে ছিন্ন-ভিন্ন কতকগুলি রেখা থাকিলে অপমৃত্যু ঘটে।

২। ললাটে ২টী মাত্র রেখা থাকিলে ৪০ বৎসর পরমায়ুঃ। ৩টী থাকিলে ৬০ বৎসর পরমায়ুঃ। ৪টী রেখা থাকিলে ৯০ বৎসর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। যাহার ললাটে রেখা কেশের অগ্রভাগ পর্য্যন্ত থাকে সেই মানব ৮০ বৎসর পরমায়ু লাভ করে।

৪। এই রেখা সকল ক্ষুদ্র হইলে আয়ুর পরিমানও অল্প হয়। এবং ছিন্ন-ভিন্ন হইলে নির্ধন হয় সন্দেহ নাই।

৫। ললাটে বৃহস্পতি রেখার উপর বৃত্ত চিহ্ন থাকিলে ধন হানি নির্দ্দেশ দেয়।

৬। ললাটে রবি ও চন্দ্র রেখাদ্বয় মিলিত হইলে অতি সৌভাগ্যের নির্দ্দেশ দেয়।

৭। যাহার কপাল উন্নত, বিশাল, শঙ্খাকৃতি, অর্দ্ধ-চন্দ্রাকার হয়, সেই মানব নির্ধন হইলেও প্রৌঢ় বয়সে অর্থশালী হইবে সন্দেহ নাই।

৮। সুপ্রশস্ত ও শুভ রেখাযুক্ত ললাট থাকিলে মানব বিশেষ প্রতিভাশালী এবং ঐশ্বর্যশালী হইবেই সন্দেহ নাই।

৯। যাহার ললাটে ত্রিশূল চিহ্ন দৃষ্ট হয় সেই মানব ধনবান ও বহু সন্তান যুক্ত হয় এবং ১০০ বৎসর পরমায়ু লাভ করে।

১০। যাহার ললাট অর্দ্ধচন্দ্রাকার, অনুচ্চ ও দেখিতে সুন্দর হয়, সেই মাবন রাজ-ঐশ্বর্য্য ভোগ করিবে সন্দেহ নাই।

(ক) নারীর কপালে ঐরূপ ত্রিশূল থাকিলে এবং তিন অঙ্গুলি পরিমিত কপাল হইলে বিভবশালিনী হইবেই সান্দহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হাতের গঠন ও আকার

বিভিন্ন মানবের সাতপ্রকার বিভিন্ন আয়তন ও গঠনের হাত দৃষ্ট হয়। যথা—

১। অপরিপুষ্ট হস্ত। ২। মিশ্রিত হস্ত। ৩। সম-চতুষ্কোণ হস্ত। ৪। স্থূলাগ্র হস্ত। ৫। সূচ্যগ্র হস্ত। ৬। দার্শনিক হস্ত। ৭। শিল্পী হস্ত।

১। শ্রমিক, কৃষক, মজুর, ও ভারবাহী, শ্রমশিল্পী ১ম শ্রেণীর।

২। সাহিত্য ও বিজ্ঞান চর্চ্চা, গীতবাদ্য, চিত্রাঙ্কণ ও কল-কব্জার কার্য্য করেন যাঁহারা—২য় শ্রেণীর।

৩। কাব্য বা কলা বিদ্যার চেয়ে কর্ম্মের প্রতি বেশী আসক্ত, শান্তিপ্রিয়, নিয়ম ও শৃঙ্খলার অধিক বশবর্ত্তী, সদালাপী, অনু-সন্ধিৎসু কর্ম্ম ও ক্রিয়াকুশল হইয়া থাকেন যাঁহারা—৩য় শ্রেণীর।

৪। উদ্ভাবন শক্তিসম্পন্ন, আত্মনির্ভরশীল, স্বাবলম্বী, দৃঢ়-সঙ্কল্প, পরিশ্রমী, সঙ্গীতবিদ্যা-বিশারদ, স্বাধীন প্রকৃতি, স্থপতি বিদ্যা-বিশারদ, আবিস্কারক, ইঞ্জিনিয়ার ও যন্ত্রবিদ্ এবং নৌ-চালন-বিদ্যায় পারদর্শী হইয়া থাকেন যাঁহারা—৪র্থ শ্রেণীর।

৫। অতিরিক্ত কল্পনা ও আদর্শপ্রিয়, সকল রকম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৌন্দর্য্যের উপাসক, কবি, সঙ্গীত প্রিয়, ধর্ম্মের প্রতি বেশী আকৃষ্ট, ব্যবসায় বুদ্ধি কম, মন তুচ্ছ বিষয়ে আকৃষ্ট হয় না যাহাদের—৫ম শ্রেণীর

৬। দার্শনিক হস্ত জ্ঞান-চর্চ্চায় জীবন-যাপন করেন। অর্থের চেয়ে জ্ঞানচর্চ্চা বেশী ভালবাসেন। দর্শনশাস্ত্র, সৌন্দর্য্য, বিজ্ঞান, মনো-বিজ্ঞানসমূহের তত্ত্ব উদ্ভাবন যাঁহারা—৬ষ্ঠ শ্রেণীর।

৭। শিল্পী হস্ত—শিল্পী হস্তের প্রধান বিশেষত্ব ভাবপ্রবণতা, শিল্পানুরাগী, বিলাস-প্রিয়, তীক্ষ্ণ বুদ্ধি সম্পন্ন, সৌন্দর্য্য-প্রিয়, ভ্রমণ-প্রিয়, পরিবর্ত্তনকামী, কল্পনা-প্রিয়, শ্রমকুণ্ঠ যাঁহারা—৭ম শ্রেণীর।

মহাবীর সম্রাট নেপোলিয়ান বোনাপর্টির হস্ত এইরূপ ছিল বলিয়া জানা যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বাবিংশ অধ্যায়

I গর্ভিনীর গর্ভস্থ সন্তান-সন্ততি রহস্য গণনা

[ক] (১) গর্ভিনীর নাম—প্রমিলা অক্ষর সংখ্যা ৩

(২) গর্ভিনীর বাসস্থান গ্রাম—সেনপাড়া „ ১

(৩) গর্ভিনীর কথিত ফলের নাম—কমলা „ ৩

অক্ষর সংখ্যার যোগফলকে ৩ দ্বারা ভাগ করিলে ৩)৭(২ ৬ ১

অবশিষ্ট—১ পুত্র সন্তান, ২ কন্যা 0 গর্ভপাত

[খ] (১) গর্ভিনীর নাম—নুপু অক্ষর সংখ্যা ২

(২) গর্ভিনীর বাসস্থান গ্রাম—বেহালা „ ১

(৩) গর্ভিনী কথিত ফলের নাম—আম „ ২

অক্ষর সংখ্যার যোগফলকে ৩ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট—২ কন্যাসন্ততি ১ পুত্র, ২ কন্যা, 0 গর্ভপাত। ৩)৫(১ ৩ ২

II স্বামীর/স্ত্রীর সধবা/বিধবা মৃত্যু গণনা

(ক) বিভূতি—স্বামীর নাম অক্ষর সংখ্যা— ৩×২=৬

মাত্র সংখ্যা— ৩×৪=১২

১৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রফুল্ল—স্ত্রীর নাম অক্ষর সংখ্যা— ৪ × ২ = ৮
মাত্রা সংখ্যা— ১ × ৪ = ৪
১২

স্বামী/স্ত্রীর নামের মাত্র সংখ্যা ও অক্ষর সংখ্যার যোগফল
১২ + ১৮ = ৩০

৩) ৩০ (১০
৩০
০

৩ দিয়া ভাগ করিলে ০ বা ১ অবশিষ্ট বিধবা মৃত্যু। ২ অবশিষ্ট সধবা মৃত্যু।

(খ) স্বামার নাম—রমনী অক্ষর সংখ্যা— ৩ × ২ = ৬
মাত্র সংখ্যা— ১ × ৪ = ৪
১০

স্ত্রীর নাম—শৈলজা অক্ষর সংখ্যা— ৩ × ২ = ৬
মাত্রা সংখ্যা— ১ × ৪ = ৪
১০

স্বামী ও স্ত্রীর নামের অক্ষর সংখ্যা দ্বিগুণ ও মাত্রা সংখ্যা চার গুণ করিয়া যোগফলকে ৩ দ্বারা ভাগ করিলে ০ বা ১ অবশিষ্ট থাকিলে বিধবা মৃত্যু হবে। স্বামীর অগ্রে মৃত্যু হবে।

২ অবশিষ্ট থাকিলে সধবা মৃত্যু। স্ত্রীর অগ্রে মৃত্যু হবে।
স্বামী ও স্ত্রীর নামের মাত্রা সংখ্যা ও অক্ষর সংখ্যার যোগফল

১০ + ১০ = ২০

৩) ২০ (৬
১৮
২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

III মৃত্যু রহস্য

(ক) রোগীর মরা বা বাঁচা প্রশ্নেও রোগীর নামের অক্ষর সংখ্যা এবং মাত্রা সংখ্যার যোগফলকে ৩ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট ১ জীবন লাভ। অবশিষ্ট ২ মৃত্যু হবে।

রোগীর নাম—বিশ্বেশ্বর অক্ষর সংখ্যা— ৬ × ২ = ১২
মাত্রা সংখ্যা— ২ × ৪ = ৮

৩) ২০ (৬
১৮
২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

IV জীবন-নাটকে সুখময় বিবাহ মিলনের নির্দেশ রহস্য দেখুন

জাতক ও জাতিকার জন্মমাস ও জন্মবার সুখময় বিবাহ মিলনের রহস্যময় নির্দ্দেশ দিবে।

(১) জাতক ও জাতিকার	
জন্মমাস—বৈশাখ মাস	বিবাহ মিলন সুখময়
জন্মবার—শুক্রবার	সৌভাগ্যবর্দ্ধক
(২) জাতক ও জাতিকার	
জন্মমাস—শ্রাবন মাস	বিবাহ মিলন সুখময়
জন্মবার—শুক্রবার	সৌভাগ্যবর্দ্ধক (Bestwives)
(৩) জন্মমাস—ভাদ্র মাস	বিবাহ মিলন সুখময়
জন্মবার—রবিবার	Fate choice, very lucky
(ক) বৃহস্পতিবার	Marriage with Foreigner in Foreign land

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪) জন্মমাস—কার্ত্তিক মাস বিবাহ মিলন সুখময়
জন্মবার—বৃহস্পতিবার Lucky marriage
শুক্রবার Fate's choice, very lucky
মা-লক্ষ্মীর আশ্রিত সন্তানসন্ততি
mony has got no value

(৫) জন্মমাস—অগ্রহায়ণ মাস বিবাহ মিলন সুখময়
জন্মবার—মঙ্গলবার সৌভাগ্যবর্দ্ধক
(ক) বৃহস্পতিবার (ক) wealth, fame
They have golden
touch

(৬) জন্মমাস—পৌষ মাস বিবাহ মিলন সুখময়
জন্মবার—বৃহস্পতিবার সৌভাগ্যবর্দ্ধক

(৭) জন্মমাস—মাঘ মাস "Familyman" The relative
জন্মবার—বৃহস্পতিবার signs বিবাহ মিলন সুখময়
শুক্রবার সৌভাগ্যবর্দ্ধক

(৮) জন্মমাস—ফাল্গুন মাস বিহাহ মিলন সুখময়
জন্মবার—রবিবার Rich marriag, বাল্যবিবাহ,
ধনীর ঘরে বিবাহ হবে
সন্দেহের অবকাশ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৯) জন্মমাস—চৈত্র মাস
জন্মবার—সোমবার

Best wives
বিবাহ মিলন সুখময়
সৌভাগ্যবর্দ্ধক
Fat's choice, marriage with
Foreigner in foreign land

(১০) জন্মমাস—চৈত্র মাস
জন্মবার—বৃহস্পতিবার

Money has got no value
সুখী বিবাহ

(ক) করাঙ্গুলি থেকে বয়স নির্ণয়

হস্তাঙ্গুলির পর্ব্বরেখা ও চিহ্নাদি থেকে বয়স নির্ণয় করিতে হইলে অঙ্গুলির নখপর্ব্বের অগ্রভাগ হইতে ১ম পর্ব্বের সন্ধি-গ্রন্থি অবধি ৩০ বৎসর।

দ্বিতীয় পর্ব্বের নিম্নস্থ ২য় গ্রন্থি অবধি—৬০ বৎসর এবং ৩য় পর্ব্বের নিম্নস্থ অঙ্গুলি মূল অবধি—৯০ বৎসর বয়স ধরিয়া হিসাব করিবেন।

(খ) মনিবন্ধের রেখা থেকে বয়স নির্ণয়

১। মনিবন্ধে চারিটি রেখা থাকিলে—৮০ বৎসর পরমায়ুর নির্দেশ দেয়।

২। মনিবন্ধে তিনটি রেখা থাকিলে—৬০ বৎসর পরমায়ুর নির্দেশ দেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩। মনিবন্ধে দুইটি রেখা থাকিলে—৫০ বৎসর পরমায়ুর নির্দেশ দেয়।

৪। মনিবন্ধে একটি মাত্র রেখা থাকিলে তাহার মৃত্যুকাল অধিক দূরবর্ত্তী নহে বলিয়া জানিবেন।

৫। রেখাসকল ছিন্ন হইলে দুর্ভাগ্য এবং দুর্দ্দশার সূচনা করে।

হৃদয়রেখা থেকে বয়স নির্ণয়

১। কনিষ্ঠার মূল হইতে অনমিকার মূলের পূর্ব্বভাগ অবধি হৃদয়রেখা থাকিলে মাত্র ১৫।২০ বৎসর পরমায়ু হইবে।

২। হৃদয়রেখা কনিষ্ঠার মূল হইতে অনামিকার মূল অবধি বিস্তৃত থাকিলে পরমায়ুঃ ৬০ বৎসর।

৩। হৃদয়রেখা কনিষ্ঠার মূল হইতে মধ্যমার মূল অবধি থাকিলে পরমায়ুঃ ৮০ বৎসর হইবে।

৪। হৃদয়রেখা কনিষ্ঠার মূল হইতে তর্জ্জনীর মূল অবধি থাকিলে ১০০ বৎসর পরমায়ুঃ হইবে।

৫। হৃদয়রেখা ছিন্ন হইলে বৃক্ষ হইতে পতন হইয়া মৃত্যু হইবে।

৬। হৃদয়রেখা ক্ষুদ্র হইলে অল্পায়ুঃ। হৃদয়রেখা ক্ষুদ্র ক্ষুদ্র বহু রেখা দ্বারা কর্ত্তিত হইলে অপমৃত্যু ঘটে।

কনিষ্ঠা অঙ্গুলি থেকেও বয়স নির্ণয়

১। কনিষ্ঠা অনামিকার চেয়ে অধিক ক্ষুদ্র হইলে অল্পায়ুঃ বলে জানিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২। দীর্ঘ কনিষ্ঠা হইলে—দীর্ঘায়ুঃ হইবে।

৩। কনিষ্ঠা অনামিকার ১ম পর্ব্বের ১ম গ্রন্থি অবধি লম্বা হইলে পরমায়ুঃ ৬০ বৎসর হইবে।

৪। কনিষ্ঠা অনামিকার ১ম পর্ব্বের ১ম গ্রন্থি পার হইয়া গেলে পরমায়ুঃ ৭০ বৎসর হইবে।

৫। কনিষ্ঠা অনামিকার ১ম পর্ব্বের ১ম গ্রন্থির চেয়ে লম্বায় ছোট হইলে পরমায়ুঃ ৪০।৫০ বৎসর হইবে।

৬। কনিষ্ঠার মূল হইতে হৃদয়রেখা অবধি বুধক্ষেত্র স্থান ৭০ বৎসর বলে জানিবেন।

বিবাহ বয়স—বিবাহ রেখা মধ্যভাগে থাকিলে জাতকের বয়স ৩৫ বৎসর এবং জাতিকার বয়স ২৮ বৎসর বৎসর বলে জানিবেন।

বিবাহ বয়স নির্ণয়

৭। বিবাহ রেখা হৃদয়রেখার সন্নিকটে থাকিলে জাতকের বয়স ২১ বৎসর এবং জাতিকার বয়স ১৮ বৎসর হইবে বলে জানিবেন।

৮। বিবাহ রেখা বুধ ক্ষেত্রের মধ্যভাগ পার হইয়া থাকিলে জাতকের বয়স ৪২ বৎসর এবং জাতিকার বয়স ৩৫ বৎসর হইবে বলে জানিবেন।

৯। বৃহস্পতি ক্ষেত্র থেকে ক্রুশ চিহ্ন এবং নক্ষত্র চিহ্ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থেকেও বিবাহ বয়স জানা যায়। মধ্যভাগে ক্রুশ চিহ্ন থাকিলে জাতকের ৩৫ বৎসর এবং জাতিকার ২৮ বৎসর হইবে জানিবেন।

১০। শুক্র ক্ষেত্রের ১টী সরল বিবাহ রেখা আয়ু রেখাকে যে বয়সে স্পর্শ করে সেই বয়সে বিবাহ হইবে বলে জানিবেন। আয়ুরেখার মধ্যভাগ—৩৫ বৎসর বলে জানিবেন।

১১। বিবাহ রেখা ভাগ্যরেখার স্পর্শ বয়সে (চন্দ্রক্ষেত্রে উত্থিত) বিবাহ হইবে বলে জানিবেন। ভাগ্য এবং শিরো-রেখার মিলন—৩৫ বৎস।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



ত্রয়োবিংশ অধ্যায়

চিহ্ন পরিচয়

চক্র, যব এবং বিন্দু চিহ্ন

১। বৃদ্ধাঙ্গুলিতে চক্র চিহ্ন থাকিলে জাতক পিতামহাদির উপার্জ্জিত ধন প্রাপ্ত হবেন।

২। তর্জ্জনীতে চক্র থাকিলে জাতক কোন বন্ধু বা পিতার ধন পাবেন।

৩। মধ্যমায় চক্র থাকিলে দেবতা দ্বারা জাতক ধন পাবেন।

৪। অনামিকায় চক্র থাকিলে নানা উপায়ে বা সুহৃদ দ্বারা জাতক ধন পাবেন।

৫। কনিষ্ঠায় চক্র থাকিলে জাতক ব্যবসা দ্বারা ধন পাবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬। যব চিহ্ন তর্জ্জনী ও মধ্যমার মূলদেশে থাকিলে জাতক সুখী, ধনী পুত্র এবং গৃহাদি সম্পন্ন হইবেই।

৭। জাতকের বৃদ্ধাঙ্গুলির মূলে ও অনামিকার মূলে যবচিহ্ন থাকিলে পরধন লাভ এবং যশস্বী হইবে বলে জানিবেন।

৮। বিন্দুচিহ্ন তর্জ্জনীতে থাকিলে জাতকের চোর বা ব্রাহ্মণ কর্ত্তৃক অর্থ অপহৃত হইবে।

৯। মধ্যমাঙ্গুলিতে বিন্দুচিহ্ন থাকিলে বিদেশী ভিন্নধর্ম্মী কর্ত্তৃক অর্থ অপহৃত হইবে।

১০। অনামিকায় বিন্দুচিহ্ন থাকিলে জাতকের যবন কর্ত্তৃক অর্থ অপহৃত হইবে।

১১। কনিষ্ঠাঙ্গুলিতে বিন্দুচিহ্ন থাকিলে জাতকের মনিব্যাগ, ঘড়ি, অঙ্গুলী, অলঙ্কারাদি অঙ্গশোভন দ্রব্য অপহৃত হইবে বলে জানিবেন।

১২। অঙ্গুলির অগ্রভাগ হইতে ১ম গ্রন্থি পর্য্যন্ত ৩০ বসৎর ২য় গাঁইট ২য় গ্রন্থি পর্য্যন্ত ৬০ বৎসর ৩য় গাঁইট ৩য় গ্রন্থি পর্য্যন্ত ৯০ বৎসর বয়স বলে জানিবেন।

১৩। বিন্দুচিহ্ন মঙ্গলের স্থানে থাকিলে জাতকের মোকদ্দমায় ভুমি-সম্পত্তি নষ্ট হইবে।

কর্ণ হইতে রগ পর্য্যন্ত ১টী ক্ষুদ্র রেখা দ্বারা বয়স নিরূপিত হয়।

ঐ রেখা কর্ণ হইতে কপালের বাম সীমার আরম্ভ পর্য ন্ত দৃষ্ট হলে ১২ বৎসর বয়স ধরিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঐ রেখা কপালের মধ্যভাগ পর্য্যন্ত থাকিলে এবং ঈষৎ সুস্পষ্ট হলে ২৫ বৎসর বয়স বলে জানিবেন।

ঐ রেখা কপালের মধ্যভাগ পার হইয়া গেলে ৫০ বৎসর বয়স বলে জানিবেন।

ঐ রেখা কপালের শেষ সীমায় গেলে এবং বিশেষ সুস্পষ্ট হলে ৭০ বৎসর বলে জানিবেন।

ঐ রেখার দীর্ঘত্ব অনুসারে বয়স স্থির করিবেন।

কপালে তিল চিহ্নের ফল

ললাটে তিল—শনিরেখার উপর পুরুষ বা নারীর কপালের দক্ষিণ দিকের তিল যদি মধুর ন্যায় বর্ণ হয় তবে ঐ জাতক বা জাতিকা জীবনব্যাপি সুখ-সৌভাগ্য ভোগ করিবে। পরিবারের মধ্যে প্রধান হইবে এবং উত্তরাধিকার সূত্রে সম্পত্তিলাভ ঘটিবে। এই তিল শুক্র, বুধ মঙ্গলের স্বভাব-বিশিষ্ট।

২। নর বা নারীর কপালের দক্ষিণ দিকের তিল বৃহস্পতি রেখার উপর থাকিলে জাতক বা জাতিকা বিবাহের দ্বারা সৌভাগ্য লাভ, দীর্ঘজীবন, সম্মান লাভ ঘটিবে সন্দেহ নাই। ঐ তিল মধুবর্ণ বিশিষ্ট হইবে।

৩। নর বা নারীর কপালের দক্ষিণ দিকের তিল রবি রেখার উপর থাকিলে জাতক বা জাতিকা বড়লোকের দ্বারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্মান ও ধন-সম্পত্তি প্রাপ্তি ঘটিবে। উত্তরাধিসূত্রে মৃতের সম্পত্তি লাভ ঘটিবে।

৪। নর বা নারীর দক্ষিণ দিকের তিল শুক্র রেখার উপর থাকিলে জাতক বা জাতিকা বিবাহ দ্বারা ধনের প্রাচুর্য্য ভোগ করিবে। সদ্‌বন্ধু দ্বারা অর্থপ্রাপ্তি ও সম্মান লাভ ঘটিবে।

৫। নর বা নারীর দক্ষিণ দিকের তিল বুধ রেখার উপর থাকিলে নিজ প্রতিভা দ্বারা সৌভাগ্য লাভ এবং বাণিজ্যে সৌভাগ্য লাভ ঘটিবে।

মনিবন্ধ-রেখা ফল জানুন

১। মণিবন্ধ থেকে উত্থিত বক্র এবং তরঙ্গায়িত রেখা স্বাস্থ্যরেখা কর্ত্তন করিলে সুখ-স্বাস্থ্যহানি এবং ব্যবসা ক্ষতি করে।

২। মণিবন্ধের প্রথম বলয় শৃঙ্খলাকার হইলে শেষ জীবনে সুখ, সৌভাগ্য, যশ ও ধনলাভ হইবেই।

৩। মণিবন্ধ হইতে নির্গত আয়ুরেখা স্পর্শকারী ১টি রেখা থাকিলে ভ্রমণকালে প্রবাসে জল ভ্রমণে মৃত্যু ঘটে।

৪। মণিবন্ধে প্রথম বলয়ে কোণ উৎপাদক ২টী রেখা থাকিলে পরিণত বয়সে যশ ও ধনলাভ হবে। এবং উত্তরাধিকার সূত্রে সম্পত্তি লাভ হইবেই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫। মণিবন্ধে প্রথম বলয়ের মধ্যস্থলে তারকা চিহ্ন থাকিলে উত্তরাধিকার সূত্রে ধন-সম্পত্তি লাভ হয়।

৬। মণিবন্ধে বলয় ত্রয় ব্যাপি ত্রিভূজ মধ্যস্থ ক্রশ চিহ্ন জাতককে প্রভূত ধন-সম্পত্তির উত্তরাধিকারী করিবেই।

করতলে মীনরেখা ও মীনপুচ্ছ পদ্মাদিচিহ্ন ফল জানুন

১। করতলে বিশেষতঃ মণিবন্ধের উর্দ্ধে আয়ুরেখা এবং ভাগ্যরেখার মধ্যস্থানে মীন রেখা থাকিলে যশ, ধনলাভ হইবেই। জাতক সন্তান-সন্ততি এবং আত্মীয় বন্ধুসহ পরম সুখে কালাতিপাত করে।

২। করতলে ভাগ্যরেখার নিম্নে মণিবন্ধের প্রথম বলয়ের উপর মীনপুচ্ছ থাকিলে উত্তরাধিকার সূত্রে প্রভূত ধন-সম্পত্তি লাভ হইবেই এবং ইহা বিদ্যা, ধন ও যশস্বী করিবেই।

৩। বলয়ত্রয় মধ্যে মীনপুচ্ছ থাকিলে যশ ও ধনলাভ হইবেই এবং সর্ব্বকর্ম্মে সিদ্ধিলাভ হবে।

৪। করতলে পদ্ম বা পদ্মকোরকবৎ চিহ্ন থাকিলে জাতক, জাতিকা রাজার ন্যায় ঐশ্বর্য্যশালী হইবেই। ইহা অতীব সৌভাগ্যযোগ।

৫। ত্রিশূল চিহ্ন বিশিষ্ট জাতক রাজার ন্যায় সম্মানলাভ করিবেন এবং দৈবাদেশ প্রাপ্ত হবেই। **যোগী ও সন্ন্যাসীর চিহ্ন।**

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্বিংশ অধ্যায়

জীবন পাতার জন্ম-রহস্যের চাবিকাঠি

ধ্বজাদি অষ্টবর্গ গণনা দ্বারা যেরূপ জীবন-নাটকের প্রশ্নকারকের জ্ঞাতব্য প্রশ্নের উত্তর সমাধান করিয়া প্রশ্নের শুভ এবং অশুভ ফল নির্দ্দেশ দেখুন—

১ ধ্বজ, ২ধুম্র, ৩ সিংহ, ৪ শ্বান, ৫ বৃষ, ৬ খর, ৭ গজ, ৮ ধবাঙ্ক।

অ বর্গ, ক বর্গ, চ বর্গ, ট বর্গ, ত বর্গ, প বর্গ, য বর্গ, শ বর্গ, এই অষ্টবর্গ ৮ সংখ্যায় বিভক্ত হইয়াছে যথা—

অ, আ, ই, ঈ, উ, ঊ—ইত্যাদি স্বরবর্ণ—ধ্বজ, ক বর্গে—ধুম্র, চ বর্গে—সিংহ, ট বর্গে—শ্বান, ত বর্গে—বৃষ, প বর্গে—খর, য বর্গে—গজ, শ বর্গে—ধবাঙ্ক পরিকীর্ত্তিত হইয়াছে। এই অষ্টবর্গ আবার ৭ গ্রহ দ্বারা বিভক্ত হইয়াছে। যথা—

অবর্গের অধিপতি রবিগ্রহ, কবর্গের অধিপতি মঙ্গলগ্রহ, চ বর্গের শুক্রগ্রহ, ট বর্গের বুধগ্রহ, ত বর্গের বৃহস্পতি গ্রহ, প বর্গের শনিগ্রহ, এবং য-শ অধিপতি চন্দ্র গ্রহ, ধ্বজে সিংহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাশি, ধূম্রে—মেষ ও বৃশ্চিক, সিংহে—তুলা ও বৃষরাশি, শ্বানে—মিথুন ও কন্যা, বৃষে—ধনু ও মীনরাশি, খরে—মকর ও কুম্ভরাশি, গজে ও ধবাঙ্কে কর্কটরাশি পরিগণিত হইয়াছে।

এক্ষণে প্রশ্নের উত্তর সমাধান দেখুন—

আপনি প্রশ্নকারকে একটি ফলের নাম করিতে বলিবেন—পরে ঐ ফলের নামের আদিবর্ণ আত্মাক্ষর বর্ণে—প্রশ্নকারকের উচ্চারিত ফলের নামের আত্মাক্ষরে যে বর্ণ হইবে এবং ঐ বর্ণে যে বর্গ ও বর্গাধিপতি গ্রহ দ্বারা উত্তর সমাধান হইবেই। যথা—সর্ব্বদা, বৃহস্পতি, শুক্র, রবি, চন্দ্র, শুভফলদায়ক বলে—জানিবেন—এবং ধ্বজ, গজ, বৃষ, সিংহ চারিটী ধ্বজাদি অষ্টবর্গে সর্ব্বদা শুভফল দায়ক বলে পরিকীর্ত্তিত হইয়াছে। সংখ্যা—১ ধ্বজ, ৩ সিংহ, ৫ বৃষ, ৭ গজ শুভফলপ্রদ বলে জানিবেন। এক্ষণে যথা—প্রশ্নকারক ফলের নাম আম বলিয়াছে—আমের আ—অ বর্গ এবং অবর্গের অধিপতি গ্রহ রবিগ্রহ ধ্বজ সংজ্ঞা এবং সিংহরাশি এক্ষণে ধ্বজ—সংখ্যা ১, সিংহরাশি এবং রবি গ্রহ বলিয়া উত্তর শুভফলদায়ক হইবে এবং কার্য্যসিদ্ধি হইবেই বলে জানাইয়া দিবেন।

এইভাবে যাবতীয় প্রশ্নের সমাধান সঠিক পাইবেন এবং জীবন যুদ্ধেরও শুভ ও অশুভ ফল জানিতে পারিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চবিংশ অধ্যায়

জন্মমাস থেকে জাতকের কর্ম্মসূচী প্রতিভা, জীবিকা Vocation-এর নির্দেশ জানুন।

প্রতিভা-পরিচয়—

জন্ম—বৈশাখ মাস—কর্ম্মজীবন	মনোবল প্রবল, গঠনমূলক পরিকল্পনার কর্ত্তা, বড় বড় ব্যবসা, প্রতিষ্ঠান, সৈন্যদল গঠন, স্বাধীন কর্ম্মে দক্ষতা, উচ্চপদস্থ কর্ম্মচারী, সব লাইনে কৃতিত্ব।
জ্যৈষ্ঠ মাস—কর্ম্মজীবন	বড় ব্যবসায়ী অপরের উপর প্রভাব বিস্তার, সাহিত্যিক হিসাবে সুখ্যাতিলাভ, ঐতিহাসিক হিসাবে সুখ্যাতি, যশস্বী। স্মৃতিশক্তি প্রখর।
আষাঢ় মাস—কর্ম্মজীবন	অভিনেতা, উকিল, ব্যারিষ্টার, প্রফেসার, শেয়ার মার্কেটে অর্থলাভ।
শ্রাবণ মাস—কর্ম্মজীবন	শিল্পী, লেখক, গীতিকার, সুরকার, ব্যবসা, প্রতিপত্তিশালী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাদ্র মাস— কর্ম্মজীবন	অর্থমন্ত্রী, বড় নেতা-জনপ্রিয়, স্বনাম খ্যাতি, উপদেষ্টা, বড় যশস্বী সৈনিক, কোটীপতি,
আশ্বিন মাস— কর্ম্মজীবন	উকিল, ব্যবসায়ী, সাহিত্যিক, আইন প্রণয়ণ, ব্যারিষ্টার, আইন মন্ত্রী, জজ।
কার্ত্তিক মাস— কর্ম্মজীবন	ফাটকা দ্বারা প্রচুর অর্থলাভ, উকিল, ব্যারিষ্টার, জজ, আইন প্রণয়ণ, গবেষণা, ডাক্তার, চিকিৎসা বিদ্যায় পারদর্শী, সব লাইনে কৃতকার্য্যতা।
অগ্রহায়ণ মাস— কর্ম্মজীবন	বাগ্মী, বক্তা, লেখক, নামজাদা অস্ত্র চিকিৎসক, বড় বড় পরিকল্পনা, বড় সন্ন্যাসী, রাজনীতিতে যশস্বী, অর্থমন্ত্রী, সৈন্যাধ্যক্ষ, দার্শনিক, ক্ষমতাশালী যশস্বী চিকিৎসক।
পৌষ মাস— কর্ম্মজীবন	ব্যবসায়ী, অধ্যাপক, পাদ্রী, শেয়ার মার্কেট. উচ্চপদস্থ কর্ম্মচারী, সঙ্গীতজ্ঞ বিশারদ।
মাঘ মাস— কর্ম্মজীবন	বড় ব্যবসায়ী, উচ্চপদস্থ কর্ম্মচারী, স্বাধীন বৃত্তি, সুবক্তা, দার্শনিক, বড় বড় প্রতিষ্ঠান পরিচালনা।
ফাল্গুন মাস— কর্ম্মজীবন	বড় বড় ব্যবসা, মৌলিক গবেষণা, বৈজ্ঞানিক, উদ্ভাবনী শক্তি প্রবল।
চৈত্র মাস—	বড় শিল্পী, উদ্ভাবনী শক্তি প্রবল, ব্যবসা, গায়ক, সাহিত্যিক, জাহাজে ক্যাপটেন, উচ্চপদ।

CC0: In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষষ্ঠবিংশ অধ্যায়

স্ত্রীজাতিকার জন্মমাস রহস্য প্রতিভা, দাম্পত্য জীবন ভাগ্য জানুন

জন্মমাস—বৈশাখ—প্রতিভা, দাম্পত-জীবন; ভাগ্য	স্বাধীন চিত্ততার জন্য স্বজনবিরোধী, ভাগ্যবতী, প্রতিভাসম্পন্না, ভাগ্য উত্থান পতন সমুন্নত, দাম্পত্য জীবনে অশান্তি।
জ্যৈষ্ঠ মাস—প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	বিশেষ ভাগ্যবতী, বহুমুখী প্রতিভা, বিবাহিত জীবন সুখকর, যশস্বিনী, উত্তরাধিকার সূত্রে প্রচুর অর্থ, সম্পত্তি লাভ, লটারী প্রাপ্তি যোগ প্রবল।
আষাঢ় মাস—প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	বিবাহ ঝঞ্ঝাটপূর্ণ, চিরকুমারী হতে পারেন, বিবাহের বিরুদ্ধবাদিনী, দাম্পত্যজীবন সুখের হবে না, ভাগ্য নিয়ন্ত্রা, বহুমুখী প্রতিভা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রাবণ মাস— প্রতিভা, দাম্পত্য-জীবন. ভাগ্য	দাম্পত্যজীবন বিশেষ সুখের নহে, সংঘর্ষপূর্ণ জীবন যাপন, ভাগ্যবতী, যশস্বিনী, পত্নী প্রেমিকা, স্বামী প্রেম আকাঙ্ক্ষী।
ভাদ্র মাস— প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	রূপবতী, সম্মোহিনীশক্তি সম্পন্না, বিবাহিত জীবন শান্তিপূর্ণ. লটারি প্রাপ্তি, উত্তরাধিকার সূত্রে সুরম্য গৃহ, প্রভূত ধন সম্পত্তিলাভ, বিশেষ ভাগ্যবতী যশস্বিনী, ভাগ্যলক্ষ্মী গৃহে অচলা হয়ে থাকবেন, বহুমুখী প্রতিভা।
আশ্বিন মাস— প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	শুচিবাই গ্রস্তা. খিটখিটে মেজাজ, ন্যায় ও সত্যের পূজারিণী, দ্বৈতভাব, বহুমুখী প্রতিভা, আন্তর্জ্জাতিক খ্যাতি সম্পন্না, বিবাহিত জীবন অশান্তিপূর্ণ ও সমস্যা-বহুল হবে, যশস্বিনী, সৌভাগ্যবতী।
কার্ত্তিক মাস— প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	সম্মোহিনী শক্তি সম্পন্না, জনপ্রিয়া, শান্তি পূর্ণ জীবন, সুবক্তা, প্রতিভাসম্পন্না, কৃত্তিমতী. বার্দ্ধক্যেও কর্ম্মশক্তি প্রবণতা, স্বামী পত্নী প্রেমিক ও রাশভারী লোক হবেন, বিবাহিত জীবন সুখের আগারে পরিণত হবে, সাংসারিক জ্ঞানের অভাব হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অগ্রহায়ণ মাস—প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	গম্ভীর প্রকৃতিসম্পন্না, শিল্পনিপুণা, জনসেবা; বহুমুখী প্রতিভা, মন্ত্রী, শাসক, রাজনীতিতে বিশেষ কৃতিত্ব দেখাইবেন, অতিমাত্রায় অভিমানিনী হবেন বলে বিবাহিত জীবন বিশেষ অশান্তিপূর্ণ হবেই স্বামীর সঙ্গে মনোমালিন্য হবেই সন্দেহ নাই। দাম্পত্য জীবনে স্বামীর সঙ্গে কুরুক্ষেত্র যুদ্ধের অবতারণা করে নিঃসঙ্গ জীবন যাপন করবেন। বিশেষ সৌভাগ্যবতী, রোগপ্রতিষেধক শক্তি প্রবল হবে, পরোপকার, জনসেবা, চরিত্রের বৈশিষ্ট্য।
পৌষ মাস—প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	বিশেষ সৌভাগ্যশালিনী, ৩০ বৎসর পর সৌভাগ্যবৃদ্ধি হবেই, আজীবন শিক্ষাব্রতী হবেন, বিবাহিত জীবন শান্তিপূর্ণ, মায়ের কৃপায় সর্ব্বদা অতি আশ্চর্য্য উপায়ে বিপদ মুক্ত হবেন।
মাঘ মাস—প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	বিশেষ সৌভাগ্যবতী, উচ্চস্তরের গৃহ সন্ন্যাসিনী হবেন, বিবাহিত জীবন সুখের হবে, শুচিবাইগ্রস্তা হবেন, ব্যক্তিত্বসম্পন্ন ও আত্মমর্য্যাদা জ্ঞানের জন্য সমাজে আদর্শ স্থানীয়া রমণী হবেন, চিরকুমারী ও উচ্চস্তরের সন্ন্যাসিনী জীবন যাপন করতে পারেন সন্দেহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফাল্গুন মাস—প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	বহুমুখী প্রতিভা, সৌভাগ্যবতী, স্বামী সোহাগিনী, স্বজন প্রিয়া, রূপবতী, পর-হিতাকাঙ্ক্ষিণী, দানশীলা, কর্ম্মপন্থা ও চিন্তাধারার ঘন ঘন পরিবর্ত্তন হবে, পবিত্র জীবন, সঙ্গীত শিল্প, নাট্যকলায় ঝোঁক, কোমল স্বভাবা ধনশালী ও শিক্ষিত স্বামী কাম্য হবে।
চৈত্র মাস—প্রতিভা, দাম্পত্য-জীবন, ভাগ্য	বিশেষ সৌভাগ্যশালী, যশস্বিনী, বিবাহিত জীবন বিশেষ শান্তিপূর্ণ হবে, বাস্তবতার চেয়ে কল্পনার দিকে বিশেষ আকৃষ্ট হবেন, বহুগুণশালিনী, ত্যাগ, বৈরাগ্য প্রাণকে দোলা দিবে, সন্তান-সন্ততি, আত্মীয়-স্বজন কখনও আপনার প্রতি বিরূপ হবে না, সব কাজেই কৃতিত্ব দেখাবেন, সুগায়িকা এবং সুকেশা, পতি প্রিয়া, সুন্দরী হবেন, উদার মনোভাব ও অমায়িক ব্যবহার শত্রুকেও মিত্র করবে, অমিত ব্যয়িনী হবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তবিংশ অধ্যায়

সৃষ্টি বৈষম্য বৈচিত্র্য লীলা অভিনয়

জীবন-নাটকে বিধাতার হাসি-কান্নার চিত্র

শ্রীগুরু কৃপাই ইষ্টসিদ্ধির মূলভিত্তি

জীবন নাটকে অভিনেতা, অভিনেত্রী সাজিয়া অভিনয় করার জন্য বিধিদত্ত কি কি সম্পদ নিয়া জন্মগ্রহণ করিয়াছেন জানুন। জীবন-যুদ্ধের হাতিয়ার কি কি দেখুন।

সৃষ্টি বৈষম্য-বৈচিত্র্য—

জন্মবাদ, কর্ম্মবীজ জন্ম রহস্যের মূলভিত্তি। বিধাতার এই ভিত্তি অবলম্বন করিয়া আপনার পুনঃ পুনঃ জন্ম হইতেছে। পুনঃ পুনঃ জন্মের ভিতর দিয় আপনার পূর্ব্ব পূর্ব্ব জন্মগত পাপজ-ময়লা-খাদ, কর্ম্মবীজ শোধিত করিয়া দেবতা সদৃশ করিয়া নিজ সমীপে নিয়া শুদ্ধমন শ্রীগুরুপদসেবায় যুক্তরাখার জন্য সুব্যবস্থা করিয়াছেন।

জন্মমাস, জন্মনক্ষত্র, জন্মবার, জন্মতিথি, জন্মসময়, জন্মসন, জন্মপক্ষ, জন্মতারিখ, জন্মস্থান, জন্ম পরিবেশ, সবই আপনার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন যুদ্ধের হাতিয়ার সম্পদ। মূলভিত্তি কর্ম্মবীজ, এবং জন্মবাদ এর উপর সম্পূর্ণ নির্ভর করিয়া জন্মরহস্যের নিজ নিজ পরিবেশে মানবের পুনঃ পুনঃ জন্ম হইতেছে। কেননা পূর্ব্ব জন্মের সৎ-পুন্য কর্ম্মের কর্ম্মবীজ ফল শুভ বলিয়া সম্পদ, সুখ, সৌভাগ্য-যুক্ত হাসি নিয়া মানব জন্মগ্রহণ করে। আবার পূর্ব্বজন্মের পাপজ অসৎ কর্ম্মের কর্ম্মবীজ ফল অশুভ বলিয়া শ্রীহীণ, দুঃখ, দুর্ভাগ্যযুক্ত কান্না নিয়া মানব দুঃখী পরিবেশে জন্মগ্রহণ করে। ইহাই বিধিদত্ত সুবিধান। অশোভনীয় সুখী, দুঃখী, ধনী, নির্ধন, সবই নিজ নিজ কর্ম্মবীজ ফল জানিবেন।

সৃষ্টি বৈষম্য থাকিলে সমতা হারিয়ে যাবেই।

অর্থাৎ ইহার সারমর্ম হইল "ভাগ্যং ফলাত সর্ব্বত্র" ঐশী শক্তি অন্ধ নহে। মেঘ সমানভাবে বর্ষণ করছে। তবুও পাশাপাশি জমির ফসল ফলনে কর্ম্মবীজের দরুণ তারতম্য পরিদৃষ্ট হয়।

আমাদের জ্যোতিষ শাস্ত্র মতে প্রত্যেকের ভাগ্যফল পরি-চালিত হইতেছে স্ব স্ব জীবনের উপর—নয়টি গ্রহের প্রভাব দ্বারা—এই নয়টি গ্রহ হইতেছে—(১) রবি, (২) চন্দ্র, (৩) বৃহস্পতি, (৪) রাহু (ইউরেনাস), (৫) বুধ, (৬) শুক্র, (৭) কেতু (নেপচুন), (৮) শনি, এবং (৯) মঙ্গল।

নিম্নে জন্মনক্ষত্র, জন্মতারিখ, মাস ও বৎসরের দ্বারা কিরূপে মনুষ্য জীবনে গ্রহের প্রভাব বিস্তার করে তাহা দেখান হইল—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন নাটকে হাসিকান্নার জন্ম রহস্যচিত্র—

যেমন—১৩ই ফেব্রুয়ারী ইং ১৮৯৬ সন বৃহস্পতিবার, জন্ম নক্ষত্র শতভিষা, অমাবস্যা তিথি, বিকাল ৫টা, চট্টগ্রাম গ্রাম সেনপাড়া, সেনপরিবারে আপনার জন্ম হইল।

সংখ্যাতত্ত্ব (Numerology)

এখন জন্ম ইং ১৩।২।১৮৯৬ সন এর অঙ্ক সংখ্যা যোগ করুন। ১+৩+২+১+৮+৯+৬=৩০

=৩, বৃহস্পতি গ্রহ, ভাগ্যবিধাতা সংখ্যা।

৩ এর মিত্র সংখ্যা নম্বর—৬, ৯, ১, ৫, ৭ বলে ইহারাও ৩ এর সঙ্গে জীবন যুদ্ধের হাতিয়ার।

আবার ইং ১৮৯৬ সন এর অঙ্ক সংখ্যা যোগ করুন।

১+৮+৯+৬=২৪=৬, শুক্রগ্রহ ভাগ্যবিধাতা সংখ্যা,

৬, এর মিত্র সংখ্যা নম্বর—৩, ৯ বলে ইহারাও ৬ এর সঙ্গে জীবন যুদ্ধের হাতিয়ার।

আবার জন্মনক্ষত্র শতভিষা ২৪ ইহার যোগফল—৬, শুক্রগ্রহ, ভাগ্যবিধাতা সংখ্যা।

৬ এর মিত্র সংখ্যা ৩, ৯ বলে ইহারাও ৬ এর সঙ্গে জীবন যুদ্ধের হাতিয়ার।

আপনার জীবন নাটকের বর্ত্তমান, অতীত, ভবিষ্যৎ ও গ্রহ নম্বরের প্রভাবে পরিচালিত হইতেছে।

I, যথা অতীত কাম্য বয়স—বর্ষ ইং ১৯৩০ সন শুভ গিয়াছে কিনা জানিতে হইলে কাম্য বর্ষের যোগফল—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১+৯+৩=১৩ =৪ ইউরেনাস গ্রহ বলিয়া অশুভ গিয়াছে।

কেননা ভাগ্য বিধাতা সংখ্যা নম্বর ৩, ৬, কিম্বা ৩, ৬ এর মিত্র সংখ্যা নম্বর—৩, ৯ এবং ৬, ৯, ১, ৫, ৭ সংখ্যা মধ্যে কোনটীই ৪ নহে।

I. অতীত কাম্যবর্ষ ইং ১৯৫১ সন শুভ গিয়াছে কিনা জানিতে হইলে—কাম্য বর্ষের অঙ্কের যোগফল ১+৯+৫+১ =১৬ =৭ নেপচুন গ্রহ

৩, ভাগ্যবিধাতা সংখ্যার মিত্র সংখ্যা বলে সৌভাগ্য বৃদ্ধি করিয়াছে।

II. বর্ত্তমান ইং ১৯৬৫ সন কেমন যাইবে জানিতে হইলে—কাম্য বর্ষ অঙ্ক যোগ করুন ১+৯+৬+৫=২১ =৩ বৃহস্পতি গ্রহ ভাগ্যবিধাতা সংখ্যা বলে শুভ যাইবে এবং সৌভাগ্যবৃদ্ধি করিবে।

III. ভবিষ্যৎ কাম্য বর্ষ ইং ১৯৬৭ সন কিভাবে যাইবে জানিতে হইলে কাম্য বর্ষের অঙ্ক সংখ্যার যোগফল—

১+৯+৬+৭=২৩ =৫ বুধগ্রহ

৩, ভাগ্যবিধাতা সংখ্যা নম্বর এর মিত্র সংখা বলে শুভ যাইবে এবং ভাগ্যবৃদ্ধি করিবে।

ভাগ্য গ্রহ নম্বর	সৌভাগ্যবর্দ্ধক ভাগ্য গ্রহনম্বরের মিত্র গ্রহ নম্বর
১ রবি	৩, ৫, ৭,
২ চন্দ্র	৪, ৮,
৩ বৃহস্পতি	৬, ৯, ১, ৫, ৭,
৪ ইউরেনাস (রাহু)	২, ৮,
৫ বুধ	১, ৩, ৭,
৬ শুক্র	৩, ৯,
৭ নেপস্থন	১, ৩, ৫,
৮ শনি	২, ৪,
৯ মঙ্গল	৩, ৬,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

IV কর্মজীবনের ৫২ বৎসর বয়স কিভাবে গিয়াছে জানিতে হইলে

৫২ বৎসর— ৫+২=৭ এবং

= ৫২৩ ২+৩=৫ পুনঃ

= ৭৫ ৭+৫=১২ =৩

=১২=৩, বৃহস্পতি গ্রহ ৩, ভাগ্য বিধাতা নম্বর বলে শুভ গিয়াছে এবং ভাগ্য বৃদ্ধি করিয়াছে।

V বয়স ২৮ বৎসর কিভাবে গিয়াছে জানিতে হইলে ২৮ বৎসর

=২৮৩ ২+৮=১০ =১

=১২ ৮+৩=১১ =২

=৩ বৃহস্পতি গ্রহ নম্বর ১২=৩, বলে শুভ গিয়াছে এবং ভাগ্য বৃদ্ধি করিয়াছে।

(ক) পার্শ্বে দর্শিত ভাগ্য গ্রহ নম্বর কাম্যবর্ষে Pyramid of Fortune এর যোগফলে থাকিলে কিম্বা মিত্র গ্রহ নম্বর হইলে সর্ব্বদা শুভ ফল দিবে এবং ভাগ্য বৃদ্ধি করিবে।

(খ) ভাগ্য বিধাতা গ্রহ নম্বর কাম্য বয়স অঙ্ক পার্শ্বে রাখিয়া বামদিক হইতে ২টী ২টী করিয়া যোগ করিলে যোগফল দেখুন। পুনরায় আবার সংখ্যা ২টীর যোগফল দেখুন। যোগফল যদি ভাগ্য বিধাতা গ্রহ নম্বর হইলে শুভ ফল দিবে।

জন্মবার বৃহস্পতিবার, বৃহস্পতি গ্রহ নম্বর—৩

অমাবস্যা তিথি সংখ্যা— ৩০=৩ বৃহস্পতি গ্রহ নম্বর।

জন্মতিথি ইহারাও সৌভাগ্য বৃদ্ধি করে।

অনুরূপ ভাবে জন্ম সময়, তিথি, নক্ষত্র স্থান পরিবেশ ও ভাগ্যকে নিয়ন্ত্রিত করে। ইহার বিস্তৃত গণনা বিবরণ এই খণ্ডে প্রকাশ করা সম্ভব নয়।

—প্রথম খণ্ড সমাপ্ত—

২য়, ৩য় খণ্ডে জীবন নাটকের ইতিহাস দেখুন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্যোতিষ ও ভাগ্যগণনা

আপনার ভাগ্য—আপনার হাতে

জানবার কথা

করদর্পণে ভাগ্য পরিচয়—জীবন পথে ভাগ্য কাহিনী—দক্ষিণা—১০৲—২৫৲ বিবাহ মিলন—৭৲ গ্রহ প্রতিকার ১০৲—২৫৲ প্রশ্ন-উত্তর—৩৲ নষ্ট ঠিকুজী—৭৲—১২৲ ভৃগুমতে কোষ্ঠী গণনা—১০৲—২৫৲

সাক্ষাতের সময়—বিকালে ২টা—৫টা, প্রাতে—৭টা—১০টা

কর ও কোষ্ঠী বিচারের ফল শুনে মনে হবে আপনার জীবনের অতীত, বর্ত্তমান, ভবিষ্যৎ সব কিছুই জ্যোতিষী মহাশয়ের জানা। পিতা, মাতা, স্ত্রী, পুত্র সকলের ভাগ্য জানুন। যোগাযোগ রাখুন—কলিকাতার বড় বড় পুস্তকালয় হইতে সত্বর বিধিলিপি সংগ্রহ করুন।

শ্রীঅমলেন্দু বিকাশ সেন (জ্যোতিষার্ণব)
পামিষ্ট এ্যাষ্ট্রোলজার
বিধিলিপির লেখক

পি ১৭, আরকেডিয়া, বেহালা কলিকাতা—৩৪
(অশোকা সিনেমার নিকট)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৃঃ ৫৪ ১১দশ অধ্যায়

সৌভাগ্যের কথা

(৩) প্রৌঢ় বয়সে— পাঠ হইবে।

পৃঃ ৬০ ১৪ দশ অধ্যায়

গ্রহক্ষেত্রে কর্ম্মজীবনের সন্ধান

৯বম লাইনে

বৃহস্পতিক্ষেত্র সমুন্নত হলে— পাঠ হইবে।

পৃঃ ৬১ শেষভাগে ১৯ লাইনে

শনি ক্ষেত্র সমুন্নত হলে— পাঠ হইবে।

পৃঃ ৮৬ দ্বাবিংশ অধ্যায়

I গর্ভস্থ সন্তান-সন্ততি রহস্য গণনা

বিশেষ দ্রষ্টব্য গর্ভিনীর বাসস্থান গ্রাম সর্ব্বদা

অক্ষর সংখ্যা—১ ধরিবে।

কিন্তু ঝাড়গ্রাম/মধ্যমগ্রাম

অক্ষর সংখ্যা—২ ধরিবে।

পৃঃ ৮৬

II (ক) স্বামীর/স্ত্রীর সধবা/বিধবা মৃত্যু গণনা স্বামীর নাম

মাত্রা সংখ্যা— পাঠ হইবে।

পৃঃ ৮৭ (খ) স্বামীর নাম

মাত্রা সংখ্যা— পাঠ হইবে।

পৃঃ ৮৭ স্বামীর নাম/স্ত্রীর নাম

বিশেষ দ্রষ্টব্য— আকার, ইকার, ঈকার, উকার, ঊকার, একার, ঐকার, ঋকার, ৯কার, রফলা, ঋফলা, রেফ্, ওকার, ঔকার, যফলা, মাত্রা বলে কথিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু ব্যঞ্জনবর্ণযুক্ত আকার, ঋকার, ৯কার, রফলা মাত্রা গণনায় ধরা হইবে না।

যেমন— শৈলজা, প্রফুল্ল, মনিন্দ্র।

স্বামীর/স্ত্রীর সধবা/বিধবা মৃত্যু গণনায়

পৃঃ ৮৭ বিশেষ দ্রষ্টব্য স্বামী/স্ত্রীর নামের অক্ষর গণনায়—

ব্যঞ্জনযুক্ত আকার, ঃ৺, ঃ, ং, ঋ, ৯, ষ, ণ, ঙ, ঞ নামে যুক্ত থাকিলে নাম অক্ষর সর্ব্বদা বাদ দিয়া গণনা করিবে।

যেমন— অনঙ্গ, রামকৃষ্ণ, তারাচরণ, রোহিণী, বঙ্গবালা, সুষমা, স্বর্ণ, অরণ্যকুমারী।

পৃঃ ৯০ N.B. জীবন নাটকে সুখময় বিবাহ মিলনের নির্দেশরহস্য দেখুন

(৪) জন্মমাস—কার্ত্তিক মাস

শুক্রবার—Money has got no value পাঠ হইবে!

৮ জন্মমাস—ফাল্গুন মাস

রবিবার Rich marriage পাঠ হইবে।

পৃঃ ৯১

(৯) জন্মমাস—চৈত্র মাস

সোমবার Fate's choice, marriage with Foreigner in Foreign Land. পাঠ হইবে।

(ত্রয়োবিংশ অধ্যায় পৃঃ ৯৬ চিহ্ন পরিচয় (১১) অঙ্গুরি পাঠ হইবে।

পৃঃ ৯৪ বিবাহ বয়স নির্ণয়

(১০) ভাগ্য এবং শিরোরেখার মিলন বিন্দু ৩৫ বৎসর বয়স— পাঠ হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৃঃ ১০৯ সৃষ্টি বৈষম্য বৈচিত্র লীলা অভিনয়

সপ্ত বিংশ অধ্যায়

সারমর্ম্ম— ভাগ্যং ফলতি সর্ব্বত্র পাঠ হইবে।

বিশেষ দ্রষ্টব্য— জন্মরহস্য-বিধিলিপি পুস্তিকার বিশেষ পরিচিতি/ভূমিকা/অভিমত পড়ুন।

শ্রীগুরুকৃপাই ইষ্ট সিদ্ধির মূল।

পৃঃ ৯৬ ত্রয়োবিংশ অধ্যায়

চিহ্ন পরিচয়—সৌভাগ্যের কাহিনী

(১১) অঙ্গুরি— পাঠ হইবে।

পৃঃ ১১২

V (খ) যোগফল-ভাগ্য বিধাতা গ্রহ নম্বর হইলে শুভফল দিবে।

পাঠ হইবে।

অনুরূপভাবে—জন্ম নক্ষত্র, স্থান ও পরিবেশ ও

ভাগ্যকে নিয়ন্ত্রিত করে।

প্রথম খণ্ড সমাপ্ত—

২য়, ৩য় খণ্ডে জীবন নাটকের ইতিহাস দেখুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন নাটকে বিধাতার হাসি কান্নার নির্দ্দেশ।
হাতের রেখাই জীবন পাতার বর্ত্তমান, অতীত, ভবিষ্যৎ।
আপনার ভাগ্য আপনার হাতে।
শিরো রেখা ভাগ্যের কম্পাস, রবিরেখা ও ভাগ্যরেখা
অদৃষ্টের রেল গাড়ী।
বৃদ্ধাঙ্গুলি সৌভাগ্যের চাবিকাঠি

বিধিলিপি বা ভাগ্যদর্পণ



Jaihind printing & Binding Works, 42, Acharyya Profulla Chandra Road Cal 9

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi